পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ৩১ অক্টোবর ২০১৩ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-101 কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- স্কুলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের জন্য বয়সের প্রমাণ হিশেবে কাগজপত্রের নতুন শ্রেণি যোগ করে (p. 2, § I.A.8)।
- কোন শিক্ষার্থী যাকে একটি স্কুল যথাযথভাবে রেজিস্টার করেছে অথবা কোন অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, ডিস্ট্রিক্ট 75 কর্মসূচি, কমিটি অন স্পেশাল এডুকেশন স্কুল রেজিস্টার বা নির্ধারণ করে দিয়েছে তাকে, যেখানে যা প্রযোজ্য, সে শিক্ষার্থীকে নির্ধারিত/রেজিস্টারকারী স্কুল ভর্তি প্রত্যাখ্যান করতে পারবেন না (p. 2, § I.A.9)।
- ব্যাখা করা যে স্কুলে অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে ভর্তির ইচ্ছা প্রকাশকারী স্কুল-বয়সী শিক্ষার্থীর আসন সম্ভব হলে অবশ্যই পরবর্তী স্কুল দিবসের মধ্যে করতে হবে, তবে কোনো অবস্থাতেই ৫ স্কুল দিবসের পরে নয়।
- স্পষ্ট করে যে জোনভুক্ত যেসব শিক্ষার্থী এনওয়াইসি ডিওই প্রি-কে কর্মসূচিতে আবেদন করে এবং তাদের প্রতিপাদিত ভাইবোন থাকে যারা আবেদন জমা দেওয়ার সময়ে প্রাক রেজিস্ট্রেশন করেছে বা তালিকাভুক্ত হয়েছে এবং পরবর্তী সেপ্টেম্বরে স্কুল শুরু হওয়ার সময়ে কে-৫ গ্রেডে থাকবে সেসব শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার লাভ করবে এবং, যদি আবেদন মেয়াদে পুনঃজোনিং প্ল্যানের কারণে আবেদনকারীর জোন ডিস্ট্রিক্ট বদলে যায়, তাহলে সে মূল জোনভুক্ত স্কুলে অগ্রাধিকার লাভ করতে থাকবে (p. 4, § II.B.2.a)।
- জোনভুক্ত নয় এমন ডিস্ট্রিক্টগুলোর এনওয়াইসি ডিওই প্রি-কে কর্মসূচিসমূহে ভর্তির অগ্রাধিকার বর্ণনা করবে (p. 5, § II.B.3)।
- জোনভুক্ত স্কুল নেই এমন এলিমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীরা এমন একটি ডিস্ট্রিক্টের স্কুলে আসন পাওয়ার অধিকার রাখে যেখান শিক্ষার্থীর ঠিকানা এলিমেন্টারি অথবা মিডল স্কুলের জন্য পূর্বরেকর্ড অনুসারে নির্ধারণ করা হয়েছে (p. 6, § II.D.1.b)।
- এলিমেন্টারি এবং মিডল স্কুলের ম্যাট্রিকুলেশন নীতি ব্যাখ্যা করে: কোন শিক্ষার্থী যাকে আবেদন বা বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি করা হয়, বা যে একটি প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (পিইআর) মঞ্জুর করা হয়, যাকে একটি এলিমেন্টারি স্কুলে বদলি করা হয় যেটির জন্য সে জোনভুক্ত নয়, এবং স্কুলটির শেষ গ্রেড সম্পন্ন হওয়া অবধি সেখানেই ভর্তি থাকে সে সেসব বিকল্প সুযোগসুবিধার ভিত্তিতে মিডল স্কুলে ম্যাট্রিকুলেট করতে পারবে যেগুলো সেসব শিক্ষার্থীর জন্য লভ্য থাকে যাদেরকে শিক্ষার্থী যে ডিস্ট্রিক্টে এলিমেন্টারি স্কুলে গেছে সেই ডিস্ট্রিক্টের একটি এলিমেন্টারি স্কুলে জোনভুক্ত করা হয় (p. 8, § II.F.1)।
- ব্যাখ্যা করে যে নতুন বিশেষায়িত কর্মসূচি চাহিদার কারণে শিক্ষার্থীদের বদলির আবেদন মঞ্জুর করা, যেমন একটি দ্বিভাষিক বিশেষায়িত কর্মসূচি, আইইপিতে সুপারিশকৃত যথাযথ বিশেষ শিক্ষা কর্মসূচি প্রদানে শিক্ষার্থীর বর্তমান স্কুলের প্রমাণিত অসমর্থতার কারণে স্পেশাল এডুকেশন অফিস কর্তৃক অনুমোদিত বদলি, এবং নিরপেক্ষ শুনানি কর্মকর্তা কর্তৃক বদলি প্রাসঙ্গিক অফিস অনুমোদন করে এবং আসন দেওয়ার জন্য অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টে পাঠানো হয়। (p. 10, § IV.A).
- বিশেষ শিক্ষা পরিষেবা লাভকারী প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের এনরোলমেন্ট নীতি হালনাগাদ করে, যার অন্তর্ভুক্ত এমন পরিস্থিতি যেখানে কর্মসূচি অথবা বিশেষায়িত কর্মসূচির সুপারিশ পরিবর্তিত হয়েছে (p. 12, § V.A)।

- স্কুলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের জন্য বসবাসের প্রমাণ হিশেবে কাগজপত্রের নতুন শ্রেণি যোগ করে এবং বাস্তুহারা শিক্ষার্থীদের আবশ্যকতা থেকে রেহাই দেয়। (pp.13, 14, § VII.A)।
- বাস্তুহারা ও অভিভাবকহীন শিক্ষার্থীদের জন্য বাড়তি সুরক্ষা যোগ করে। যদি কোনো বাস্তুহারা অথবা অভিভাবকহীন শিক্ষার্থী তার নতুন বাসস্থানের ভিত্তিতে নতুন স্কুলে যেতে চায়, সেই স্কুল অবিলম্বে সেই বাস্তুহারা অথবা অভিভাবকহীন শিক্ষার্থীকে এনরোল করব, এমনকি উক্ত শিক্ষার্থী এনরোলমেন্টের জন্য সাধারণভাবে আবশ্যক নথিপত্র দেখাতে না পারলেও; এবং গ্রন্থিবদ্ধ গ্রেডগুলোর ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণকারী বাস্তুহারা শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে উক্ত এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী শিক্ষার্থীদের সমান অগ্রাধিকার প্রদান করতে হবে (p. 16, § VIII, D, 2, 7)।
- ব্যাখ্যা করে যে ডিস্ট্রিক্ট ৭৫ শুধু একজন হাই স্কুল শিক্ষার্থীকে নন-ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে তালিকা নোটিস করতে পারবে কেবল শিক্ষার্থী যদি হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে এবং কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই) পুনর্মূল্যায়ণ সম্পন্ন হয়ে থাকে এবং আইইপি-তে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট কাঠামো প্রতিফলিত হয়। (p. 18, § IX.D).
- ডিওইর নতুন সাংগঠনিক কাঠামো প্রতিফলিত হওয়ার জন্য ডিওইর অফিস ও কর্মকর্তাদের নামগুলো হালনাগাদ করে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান ৩১ অক্টোবর ২০১৩ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-101 কে রহিত করে। এটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থায় শিক্ষার্থীদের ভর্তি, অব্যাহতি, এবং বদলির নীতিমালা প্রতিষ্ঠা করে।

I. ভূমিকা

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট (শিক্ষার্থী ভর্তি, স্টুডেন্ট এনরোলমেন্ট) ডিস্ট্রিক্ট ৭৫ এবং ডিস্ট্রিক্ট ৭৯ এর স্কুল ছাড়া সকল স্কুলের ভর্তি নীতি এবং ভর্তি পরিকল্পনা করার একক কর্তৃত্ব ও দায়িত্ব সংরক্ষণ করে। উক্ত ডিস্ট্রিক্টের সুপারিনটেনডেন্টরা ওইসব ডিস্ট্রিক্টের ভর্তি প্রক্রিয়া ও নীতি প্রণয়নের দায়িত্ব সংরক্ষণ করেন।

A. স্কুলে ভর্তি - সাধারণ নীতিমালা ও পদ্ধতিসমূহ

1. ছেলেমেয়েদেরকে জাতি, বর্ণ, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, গর্ভাবস্থা, অভিবাসন/নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, ধর্ম বা জাতিগত পরিচয়ের ভিত্তিতে পাবলিক স্কুলে গ্রহণ করতে অস্বীকার করা যাবে না।[1]

2. যেসব ছেলেমেয়ের চতুর্থ জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদেরকে প্রি-কিনডারগার্টেনে ভর্তি করতে হবে (নির্ধারিত স্কুলসমূহের মধ্যে সীমিত এবং খালি সিট সাপেক্ষে)।

3. যেসব ছেলেমেয়ের চতুর্থ জন্মদিন জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদের জন্য ২০১৩-২০১৪ স্কুল বছরের শুরু থকে একটি স্কুলের কিন্ডারগার্টেনে ভর্তি হওয়া বাধ্যতামূলক, সেটি এইসব ছেলেমেয়ে প্রথমবারের মত স্কুলে ভর্তি হোক বা অন্য স্কুল থেকে বদলি নিয়ে থাক, এর ব্যতিক্রম হবে যদি এসব ছেলেমেয়েকে কিনডারগার্টেনে ভর্তি না করা আবশ্যক হয়:

   a. তাদের পিতামাতা ঠিক করেছেন তাদেরকে পরের অ্যাকাডেমিক বছরে ১ম গ্রেডে ভর্তি করবেন; অথবা

   b. বেসরকারি স্কুলে ভর্তি হয়ে থাকে বা বাড়িতে শিক্ষানির্দেশনা লাভ করে থাকে।

4. ভর্তির ক্যালেনডার বছরের মধ্যে যেসব ছেলেমেয়ের ৬ষ্ঠ জন্মদিন পড়ে তাদেরকে অবশ্যই প্যারাগ্রাফ ৬ অনুযায়ী (নিম্নলিখিত) ১ম গ্রেডে ভর্তি করতে হবে।

5. শিক্ষার্থীদের পাঁচ বছর বয়স থেকে স্কুলে ভর্তি হতে হয়, ব্যতিক্রম 3(a)এবং 3(b) উপরের ক্ষেত্রগুলো। যে স্কুল বছরে শিক্ষার্থীর বয়স ১৭ বছর হয় তার শেষদিন অবধি তাকে স্কুলে ভর্তি থাকতে হয় এবং, যদি হাই স্কুল তার ডিপ্লোমা মঞ্জুর না হয়, তারা যে স্কুলবছরে সে ২১ বছর বয়সী হবে, তার শেষদিন অবধি সে স্কুলে থাকতে পারে।

6. শিক্ষার্থীকে যেখানে তার বয়স অনুযায়ী ১ম গ্রেডে ভর্তি হওয়া বাধ্যতামূলক, কিন্তু প্রিন্সিপ্যাল যদি মনে করেন অন্য গ্রেডে ভর্তি হলে তার লেখাপড়া করা অধিকতর উপযুক্ত হবে, তাহলে প্রিন্সিপ্যাল তার ভর্তি নিয়ে সুপারিনটেনডেন্ট-এর সাথে কথা বলবেন এবং ডাক্তারি বা অন্য মূল্যায়নমূলক নথি উপস্থাপন করবেন, যা অন্যত্র ভর্তির যৌক্তিকতা প্রমাণের জন্য পিতাতামা বা অভিভাবক সরবরাহ করেছেন। সুপারিনটেনডেন্ট সে শিক্ষার্থীর উপযুক্ত গ্রেড নির্ধারণের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

7. নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জনে শিক্ষার্থীকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির অধিবাসী হতে হবে। যে শিক্ষার্থীর প্রাথমিক বাসস্থান নিউ ইয়র্ক সিটির বাইরে তাকে চ্যান্সেলরের প্রবিধান A-125 অনুসারে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি হওয়ার জন্য

[1] কোন স্কুলে ভর্তির ক্ষেত্রে জাতি একটি বিবেচ্য বিষয় হতে পারে, যেখানে কোর্ট কর্তৃক তা বাধ্যতামূলক বলে আদেশ রয়েছে; শুধু একক-লিঙ্গের স্কুলের ক্ষেত্রে লিঙ্গ েএকটি বিবেচ্য বিষয়।

বিবেচিত হতে অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টে আবেদন করতে হবে। সকল শিক্ষার্থীকে তাদের স্কুলে ভর্তি হওয়ার পর অবশ্যই একটি বাসস্থান-সংক্রান্ত প্রশ্নাবলি পূরণ করতে হবে। কোন শিক্ষার্থী অস্থায়ী আবসনে বসবাস করছে বলে চিহ্নিত হলে থাকে অবশ্যই স্টুডেন্টস ইন টেমপোরারি হাউজিং প্রোগ্রামে পাঠাতে হবে। সংযুক্ত ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট গাইড ফর প্যারেন্টস অ্যান্ড ইয়ুথ (সংযুক্তি ৭)-সহ রেসিডেনসি কোয়েশ্চেনিয়ার (সংযুক্তি ৬) দেখুন।

৪. নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলে কোন শিক্ষার্থীকে রেজিস্টার করতে পিতামাতা ও শিক্ষার্থী, [2] উভয়কে হাজির হতে [3] উপস্থিত থাকতে হবে:

- যাচাইযোগ্য আবাসিক ঠিকানার প্রমাণ (দ্রষ্টব্য সেকশন VII);
- বয়সরে প্রমাণ, যেমন বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট (বিদেশি পাসপোর্টসহ), অথবা ব্যাপ্টিইজমের রেকর্ড (যা জন্মতারিখ উল্লেখ করে)। যদি এসব কাগজপত্র না থাকে, তাহলে অন্যান্য কাগজপত্র বা রেকর্ড করা প্রমাণ শিক্ষার্থীর বয়স নির্ধানের জন্য ব্যবহার করা যেতে পারে, যেমন:
  - a সরকারি ড্রাইভার্স লাইসেন্স;
  - b. স্টেট অথবা সরকার কর্তৃক ইস্যুকৃত অন্যান্য পরিচয়পত্র (আইডিএনওয়াইসি কার্ডসহ);
  - c. জন্মতারিখযুক্ত স্কুলের ফোটো আইডি কার্ড;
  - d. কনসুলেট আইডেন্টিফিকেশন কার্ড;
  - e. হাসপাতাল অথবা হেলথ রেকর্ড;
  - f. মিলিটারি পোষ্যের পরিচয়পত্র;
  - g. ফেডারেল, স্টেট অথবা স্থানীয় সংস্থাগুলো (যেমন, স্থানীয় সমাজ সেবা সংস্থা, ফেডারেল অফিস অভ রিফ্যুজি রিসেটেলমেন্ট) কর্তৃক ইস্যুকৃত নাম ও বাড়ির ঠিকানাযুক্ত কাগজপত্র;
  - h. আদালতের আদেশ অথবা আদালত কর্তৃক ইস্যুকৃত অন্যান্য কাগজপত্র;
  - i. নেটিভ আমেরিকান ট্রাইবাল ডক্যুমেন্ট; অথবা
  - j. নন-প্রফিট আন্তর্জাতিক সাহায্য সংস্থা এবং স্বেচ্ছাসেবা সংস্থাসমূহের রেকর্ড।
- সন্তানের টিকা-ইঞ্জেকশনের রেকর্ড (যদি থেকে থাকে)
- সন্তানের সর্বশেষ রিপোর্ট কার্ড/ট্রান্সক্রিপ্ট (যদি থাকে);
- সন্তানের ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রগ্রাম (আইইপি) এবং/অথাব ৫০৪ অ্যাকোমোডেশন প্ল্যান, যদি প্রযোজ্য হয় এবং থাকে।

যদি কোন শিক্ষার্থী টিকা-ইঞ্জেকশনের প্রমাণ দিতে না পারে, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই সাময়িকভাবে রেজিস্টার করতে হবে এবং চ্যান্সেলরের প্রবিধান A-701-এ প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুযায়ী স্কুলে উপযুক্ত ফলো-আপ-এর ব্যবস্থা করতে হবে।

যদি একজন শিক্ষার্থী বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, ব্যাপটিজমের রেকর্ড, বা অপর কোন যথাযথ

[2] এই প্রবিধানে পিতামাতা শব্দটিকে পিতামাতা বা অভিভাবক বা যেকোন ব্যক্তি যারা সাথে শিক্ষার্থীর পিতামাতা বা তত্বাবধানকারীর সম্পর্কে রয়েছে, তাকে, কিংবা শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক বা ১৮ বছর বা অধিক বয়েসী হলে তার নিজেকেই বুঝায়।

[3] সেকশন VIII-এর ব্যাখ্যা অনুযায়ী যদি কোন সঙ্গীহীন (স্বনির্ভর) শিক্ষার্থী কোন এনরোলমেন্ট অফিসে বা স্কুলে ইসে এবং সে জানায় যে সে বাস্তুহারা এবং সে স্কুলটিতে ভর্তি হতে বা বদলি হতে আগ্রহী,ম তাহলে তাকে ভর্তি/বদলির জন্য পিতামাতাকে নিয়ে আসতে ফিরে যেতে হবে না। স্বাবলম্বনকারী শিক্ষার্থীকে রেজিস্টার করতে পিতামাতাকে সঙ্গে আনতে হবে না।

নথি যা শিক্ষার্থীর বয়সের প্রমাণ প্রতিষ্ঠা করে তা পেশ করতে অসমর্থ হয়, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই সাময়িকভাবে রেজিস্টার করতে হবে এবং স্কুলকে অবশ্যই যথাযথ গ্রেডে স্থান নিশ্চিত করার জন্য ফলো-আপ ব্যবস্থাগ্রহণ করতে হবে।

9. কোন শিক্ষার্থী যাকে একটি স্কুল যথাযথভাবে রেজিস্টার করেছে অথবা কোন অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, ডিস্ট্রিক্ট 75 কর্মসূচি বা কমিটি অন প্রি-স্কুল স্পেশাল এডুকেশন স্কুল রেজিস্টার বা নির্ধারণ করে দিয়েছে তাকে, যেখানে যা প্রযোজ্য, সে শিক্ষার্থীকে নির্ধারিত/রেজিস্টারকারী স্কুল ভর্তি প্রত্যাখ্যান করতে পারবেন না।

10. যদি কোন শিক্ষার্থী কোন একটি স্কুলে ভর্তির জন্য প্রি-রেজিস্টার বা রেজিস্টার করে যে স্কুলটিতে সে ভর্তি হওয়ার যোগ্য (যেমন তার বাড়ির ঠিকানা, ভাইবোনের অগ্রাধিকার, বিশেষায়িত কর্মসূচির সুপারিশকৃত কর্মসূচি ইত্যাদির ভিত্তিতে), তাহলে সে শিক্ষার্থী স্কুলটিতে ভর্তির জন্য ভর্তির সময় পর্যন্ত তার যোগ্যতা বহাল থাকবে। যদি শিক্ষার্থী অবস্থান পরিবর্তিত হয়, অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট সে শিক্ষার্থীকে বদলি করবে এবং তাকে একটি উপযুক্ত স্কুলে পাঠাবে যার জন্য সে উপযুক্ত।

11. যদি একজন শিক্ষার্থী ডিস্টিক্টের অপর একটি স্কুল থেকে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে প্রথমবারে মত গ্রেড ২-৮ ভর্তি হয়, তাহলে সেই শিক্ষার্থীকে আসন দেয়া হবে তার উপস্থাপিত সর্বশেষ স্কুল থেকে লভ্য শিক্ষা রেকর্ডের নিরিখে। সিদ্ধান্ত গ্রহণের জন্য পর্যাপ্ত শিক্ষা রেকর্ডের অভাবে, শিক্ষার্থীর ভর্তি বিষয়ক চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে শিক্ষার্থীর বয়সের ভিত্তিতে।

12. যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে নতুন এবং তাদের কোন শিক্ষাগত রেকর্ড নেই, তাদের ভর্তির জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করা হবে:

    যেখানে কোন শিক্ষার্থীকে ২-৮ গ্রেডে ভর্তি করা হয়েছে, কিন্তু প্রিন্সিপ্যাল মনে করেন অন্য কোন

    a. ক্লাসে ভর্তি করা তার লেখাপড়ার জন্য অধিকতর উপযুক্ত হবে, সেক্ষেত্রে প্রিন্সিপ্যাল সুপারিনটেনডেন্ট-এর সাথে আলোচনা করতে এবং প্রমাণ উপস্থাপন করে যৌক্তিকতা দেখিয়ে অন্য কোন সুপারিশ প্রদান করবেন। সুপারিনটেনডেন্ট সে শিক্ষার্থীর উপযুক্ত গ্রেড নির্ধারণের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

    b. হাই স্কুল বয়সী শিক্ষার্থীর ক্ষেত্রে, যে শিক্ষার্থীর শিক্ষা রেকর্ড নেই এবং যে ভর্তির স্কুলবছরে ১৫ বছর বয়সী হয় (৩০ জুন তারিখে বা আগে) তাকে ৯ম গ্রেডে ভর্তি করা হবে। এ ধরনের ঘটনায় যদি শিক্ষার্থীকে হাই স্কুলে ভর্তি করা হয়, প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উপযুক্ত শিক্ষাগত রেকর্ড পাওয়ার পর তার উপযুক্ত গ্রেড নির্ধারণ করে তাকে সেখানে ভর্তি করবেন।

13. যদি একজন শিক্ষার্থীকে এনওয়াইসি পাবলিক স্কুল থেকে অব্যাহতি দেয়া হয় এবং সে উক্ত ক্যালেন্ডার বছরের মধ্যে (৩০ জুনের আগে বা মধ্যে) ফিরে আসে, তাহলে উক্ত শিক্ষার্থীকে তার আগের এনওয়াইসি স্কুলের গ্রেড বিবেচনা এবং ভর্তি সময় দেওয়া শিক্ষার্থীর সর্বশেষ স্কুল থেকে প্রাপ্ত রেকর্ড বিবেচনার ভিত্তিতে আসন দেয়া। যদি কোন রেকর্ড না থাকে, তাহলে উক্ত শিক্ষাবছরে অব্যাহতি দেয়ার সময়ে শিক্ষার্থী যে গ্রেডে ছিল তাকে সেই গ্রেডেই আসন দেয়া হবে। যদি একজন শিক্ষার্থীকে এনওয়াইস পাবলিক স্কুল থেকে অব্যাহতি দেয়া হয় এবং সে পরের বছর এনওয়াইসি পাবলিক স্কুলেই ফিরে আসে, তাহলে শিক্ষার্থীকে ভর্তি করা হবে ঠিক সেভাবে যেভাবে একজনকে প্রথমবারের মত এনওয়াইসি পাবলিক স্কুলে ভর্তি করা হয় যা ১২ নং প্যারাগ্রাফে (উপরে) উল্লেখ করা হয়েছে।

14. স্কুলে অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে ভর্তির ইচ্ছা প্রকাশকারী স্কুল-বয়সী শিক্ষার্থীর আসন সম্ভব হলে অবশ্যই পরবর্তী স্কুল দিবসের মধ্যে করতে হবে, তবে কোনো অবস্থাতেই ৫ স্কুল দিবসের পরে নয়।

15. আইন মোতাবেক, শিক্ষার্থীদের অভিবাসনগত অবস্থার কাগজপত্র দেখানর বাধ্যবাধকতা নেই বা দেখাতে বলা যাবে না কিংবা তাদেরকে অভিবাসনগত অবস্থা বা অভিবাসনগত অবস্থার কাগজপত্র

দেখাতে ব্যর্থ হওয়ার নিরিখে স্কুলে গ্রহণ করতে অস্বীকার করা যাবে না। কোন স্কুল ফরম এবং/অথবা রেকর্ডে শিক্ষার্থী বা পিতামাতার অভিবসনগত [4] অবস্থার উল্লেখ থাকা চলবে না।

16. সোশাল ওয়েলফেয়ার এজেন্সি, জুভেনাইল জাস্টিস এজেন্সি এবং কারেকশনাল এজেন্সির তত্বাবধানে থাকা শিক্ষার্থীরদেরকে অন্যান্য শিক্ষার্থীদের অনুরূপ পদ্ধতি অনুসরণ করেই স্কুলে ভর্তি করতে হবে।

17. কে-১২ গ্রেডের যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির অভ্যন্তরে যে নিজেদের বাসস্থান পরিবর্তন করে, তাদের স্কুলের শেষ গ্রেড সম্পন্ন না হওয়া অবধি বর্তমান স্কুলে থেকে যাওয়ার অধিকার রয়েছে। চ্যান্সেলরের প্রবিধান A-450-এ প্রতিষ্ঠিত পদ্ধতির সঙ্গে সঙ্গতিপূর্ণ ক্ষেত্র ছাড়া শৃঙ্খলাভঙ্গজনিত বা অ্যাকাডেমিক সমস্যাজণিত কারণে শিক্ষার্থীদেরকে তাদের জোন বা বসবাসের ডিস্ট্রিক্টভুক্ত স্কুলে বদলি করা যাবে না।

18. উপরে I. A.17 সেকশনে বর্ণিত এলিমেন্টারি এবং মিডল স্কুলের শিক্ষার্থী যারা বাসস্থান পরিবর্তনের কারণে নতুন ঠিকানার নিরিখে বর্তমান স্কুলের জন্য অনুপযুক্ত বিবেচিত হয়েছে তাদের পিতামাতারা শিক্ষার্থীর উপস্থিতি এবং সময়ানুবর্তিতার জন্য দায়ী থাকবেন। এসব শিক্ষার্থী হলুদ বাস পরিবহনের জন্য যোগ্য হবে না। যদি অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের ঘটনা বেড়ে যায়ে, তাহলে স্কুলকে শিক্ষার্থী ও তার পরিবারের সাথে নিয়মিত উপস্থিতি ও সময়ানুবর্তিতা বৃদ্ধিতে সাহায্য-সহায়তা দেওয়ার জন্য কাজ করতে হবে। তবে, যদি মাত্রাতিরিক্ত অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের ঘটনা অব্যাহত থাকে, এবং শিক্ষার্থীর ভালোর জন্য প্রিন্সিপ্যাল শিক্ষার্থীকে এমন একটি স্কুলে বদলি করার প্রক্রিয়া শুরু করতে পারবেন যে স্কুলটিতে শিক্ষার্থী ভর্তি হওয়ার যোগ্য এবং বর্তমান বাসস্থানের নিরিখে তার সহজ যাতায়াতের যথোপযুক্ত। প্রিন্সিপ্যালকে অবশ্যই বরো ফিল্ড সাপোর্ট সেন্টারের পয়েন্ট পারসনের কাছে শিক্ষার্থীর মাত্রাতিরিক্ত অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের দালিলিক প্রমাণের পাশাপাশি নিয়মিত উপস্থিতির স্বার্থে শিক্ষার্থী এবং তার পরিবারের সঙ্গে কাজ করার জন্য প্রচেষ্টাগ্রহণের প্রামাণিক কাগজপত্র দাখিল করতে হবে। বরো ফিল্ড সাপোর্ট সেন্টারের পয়েন্ট পারসন শিক্ষার্থীর দাখিলকৃত বাসস্থান বদলের আগে ও পরের উপস্থিতি এবং বিলম্বের তুলনামূলক খতিয়ান এবং শিক্ষার্থীর উপস্থিতির স্বার্থে স্কুলের প্রচেষ্টার দালিলিক প্রমাণ পর্যালোচনা করবেন। বরো ফিল্ড সাপোর্ট সেন্টারের পয়েন্ট পারসন নিরূপণ করেন যে উপস্থিতি ও সময়ানুবর্তিতার অবনতি ঘটেছে, তাহলে তিনি বরো এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর বা তার মনোনীত ব্যক্তিকে অবহিত করবেন, যিনি বদলির অনুরোধ অনুমোদন অথবা প্রত্যাখ্যান করবেন। যদি অনুমোদিত হয় তাহলে প্রিন্সিপ্যাল কর্তৃক পিতামাতাকে অবশ্যই লিখিতভাবে অবহিত করতে হবে যে শিক্ষার্থীকে বদলি করা হচ্ছে। অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট শিক্ষার্থীর বদলি নিষ্পন্ন করবেন এবং জোনভুক্ত অথবা নির্ধারিতে একটি স্কুল কিংবা অপর কোন যথোপযুক্ত স্কুল যেখানে যাওয়ার যোগ্যতা শিক্ষার্থীর আছে তার রেজিস্টারে শিক্ষার্থীর নাম তুলবেন।

ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট-এর টাইটেল VII (42 USC 11431) অনুযায়ী এবং চ্যান্সেলরের প্রবিধান A-780 দ্বারা বাস্তুহারা শিক্ষার্থী অথবা অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের দুর্বল হাজিরার কারণে বদলি নিষিদ্ধ করা হয়েছে।

II. <u>ভর্তি প্রক্রিয়া</u>

A. ভাইবোন অগ্রাধিকার[5]

1. অগ্রাধিকারের ভিত্তিতে স্কুল নির্ধারণের প্রয়োজনে, একজন ভাইবোন হচ্ছে আবেদনকারীর ভাই অথবা বোন (হাফ ব্রাদার, হাফ সিস্টার, সত্ভাই, সতবোন, পালক ভাই, পালক বোন), যে একই বাড়তে থাকে।

2. প্রস্তাব দেয়ার আগে ভাইবোনের অবস্থা যাচাই করা স্কুলের দায়িত্ব।

---

[5] ভাইবোন অগ্রাধিকার শুধু এলিমেন্টারি স্কুল পর্যায়েই মঞ্জুর করা হয়।

3. শিক্ষার্থীর ভাইবোন যারা ইতিমধ্যে প্রি-রেজিস্টার করেছে অথবা আবেদন জমা দেয়ার সময়ে কোন এলিমেন্টারি স্কুলে নাম লিখিয়েছে তাদেরকে, উপযুক্ততা আছে এরকম একটি এলিমেন্টারি স্কুল কর্মসূচিতে খালি আসন খালি থাকলে নিম্নলিখিত শর্তাবলি পূরণসাপেক্ষে অগ্রাধিকার দেয়া হয়।

4. একটি কে-৫, কে-৬, কে-৭, অথবা কে-৮ এলিমেন্টারি স্কুলে একজন আবেদনকারীর জন্য ভাইবোনের অগ্রাধিকার তখনই মঞ্জুর করা যাবে, যখন ভাইবোন আবেদনপত্র জমা দেওয়ার জন্য স্কুলটিতে প্রি-রেজিস্টার বা নাম তালিকাভুক্ত করে এবং পরবর্তী সেপ্টেম্বরে স্কুল শুরুর সময় ৫ বা নিচের গ্রেডে অবস্থান করে।

B. ইউনিভার্সাল প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিতে ভর্তি

1. ইউনিভার্সাল প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য যোগ্যতা অর্জনে শিক্ষার্থীকে কোন স্কুলবছরের ৩১ ডিসেম্বরের মধ্যে অবশ্যই ৪ বছর বয়সী হতে হবে।

2. শিক্ষার্থীদেরকে জোনভুক্ত ডিস্ট্রিক্ট স্কুলগুলোর এনওয়াইসি ডিওই প্রি-কে কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তি অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:

   a. জোনভুক্ত শিক্ষার্থী আবেদনের সময় যাদের প্রতিপাদিত প্রাক-রেজিস্ট্রিকৃত বা তালিকাভুক্ত ভাইবোন রয়েছে এবং আগামী সেপ্টেম্বরে স্কুলের শুরুতে কে-৫ গ্রেডে অধ্যয়ন করবে; কোনো কোনো ক্ষেত্রে, রিজোনিং প্ল্যান অনুমোদনের সময়ের নিরিখে, শিক্ষার্থীর জোনভুক্ত ডিস্ট্রিক্ট স্কুল আবেদনের মেয়াদকালে পরিবর্তিত হয়ে যেতে পারে। এরকম ক্ষেত্রে শিক্ষার্থী আদি জোনভুক্ত স্কুলে অগ্রাধিকার লাভ করতে থাকে।

   b. উপর্যুক্ত জোনভুক্ত স্কুলে আবেদনকারীরা ব্যতীত জোনভুক্ত শিক্ষার্থী;

   c. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে, যারা সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা এবং যাদের কোন জোন স্কুল নেই বা যাদের জোন স্কুলে প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি নেই;

   d. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে, যারা সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা এবং যাদের ভিন্ন একটি জোন স্কুল আছে, যেখানে একটি প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি রয়েছে;

   e. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যারা বরোর বাসিন্দা, যাদের যাচাইকৃত ভাইবোনেরা সামনের সেপ্টেম্বরে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

   e. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যারা বরোরর বাইরে বসবাস করেন, যাদের যাচাইকৃত ভাইবোনেরা সামনের সেপ্টেম্বরে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

   g. স্কুলে ভাইবোনসহ ডিস্ট্রিক্টভুক্ত শিক্ষার্থী যার কোন জোনভুক্ত স্কুল নাই অথবা জোনভুক্ত স্কুলে প্রি-কে কর্মসূচি নাই;

   h. ডিস্ট্রিক্টের শিক্ষার্থী যে নিজের জোনভুক্ত স্কুলের পরিবর্তে অন্য একটি স্কুল আবেদন করছে;

   i. ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী যে নিজের বরোর একটি স্কুলের কর্মসূচিতে আবেদন করছে;

   J. ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী যে নিজের বরোর বাহিরের একটি স্কুলের কর্মসূচিতে আবেদন করছে;

3. শিক্ষার্থীদেরকে জোনভুক্ত নয় এমন ডিস্ট্রিক্ট স্কুলগুলোর এনওয়াইসি ডিওই প্রি-কে কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তি অগ্রাধিকারক্রম অনুসারে ভর্তি করা হয়:

   a. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে,

যারা সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা এবং যাদের কোন জোন স্কুল নেই বা যাদের জোন স্কুলে প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি নেই;

b. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে, যারা সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা এবং যাদের ভিন্ন একটি জোন স্কুল আছে, যেখানে একটি প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি রয়েছে;

c. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যারা বরোর বাসিন্দা, যাদের যাচাইকৃত ভাইবোনেরা সামনের সেপ্টেম্বরে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

d. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যারা বরোরর বাইরে বসবাস করেন, যাদের যাচাইকৃত ভাইবোনেরা সামনের সেপ্টেম্বরে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

e. স্কুলে ভাইবোনসহ ডিস্ট্রিক্টভুক্ত শিক্ষার্থী যার কোন জোনভুক্ত স্কুল নাই অথবা জোনভুক্ত স্কুলে প্রি-কে কর্মসূচি নাই;

f. ডিস্ট্রিক্টের শিক্ষার্থী যে নিজের জোনভুক্ত স্কুলের পরিবর্তে অন্য একটি স্কুল আবেদন করছে;

g. ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী যে নিজের বরোর একটি স্কুলের কর্মসূচিতে আবেদন করছে;

h. ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী যে নিজের বরোর বাহিরের একটি স্কুলের কর্মসূচিতে আবেদন করছে।

C. কিনডারগার্টেনে ভর্তি[6]

1. জোনভুক্ত স্কুলগুলো তাদের জোনে বসবাসকারী সব শিক্ষার্থীকে, খালি আসনসাপেক্ষে, পরিবার কখন রেজিস্টার করতে আসে, সেটা বিবেচনা না করেই পরিসেবা দিতে বাধ্য। আবেদনকারীর অবশ্যই নিম্নলিখিত অগ্রাধিকার অনুসারে জোনভুক্ত স্কুলে ভর্তি করতে হবে:

a. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলটিতে কে-৫ গ্রেডে পড়বে;

b. উপর্যুক্ত (a) জোনভুক্ত স্কুলে আবেদনকারীরা ব্যতীত জোনভুক্ত শিক্ষার্থী;

যদি স্থান থাকে, এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট ডিস্টিক্টের চাহিদার নিরিখে যথাযথ মনে করে, তাহলে স্কুলগুলোকে, নিচের ক্রমানুসারে, এখানে উল্লিখিত অগ্রাধিকারের গ্রুপসমূহকে প্রস্তাব দেয়া হতে পারে। একমাত্র অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টই এই ক্রম-বহির্ভূত জোনভুক্ত নয় এমন শিক্ষার্থীদের আসনদানের অনুমোদন দিতে পারবে; উদাহরণত, জোনভুক্ত স্কুলে বা বিশেষায়িত কর্মসূচিগুলোয় স্থান দেয়া যাবে না এমন শিক্ষার্থী, অথবা ডুয়াল ল্যাঙ্গুয়েজ কিংবা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারে আক্রান্ত শিক্ষার্থীদের জন্য ইনক্লুশন ক্লাস।

c. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলটিতে কে-৫ গ্রেডে পড়বে, যারা স্কুলটিতে জোনভুক্ত নয় কিন্তু সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এ বাস করে;

d. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা, যারা অন্য ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা, তারা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলটিতে কে-৫ গ্রেডে পড়বে;

[6] সেকশন II.C.1 ও II.C.2 জোনভুক্ত নয় এমন ডিস্ট্রিক্ট-এর বেলায় প্রযোজ্য নয়।

e. জোনবহির্ভূত এলাকায় কিন্তু একই ডিস্ট্রিক্ট-এর অভ্যন্তরে বসবাসরত শিক্ষার্থী যে বর্তমানে স্কুলের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিতে পড়ছে, এবং পরবর্তী স্কুল বছরে এই স্কুলের যাদের কোন ভাইবোন পড়ছে না;

f. জোন ও ডিস্ট্রিক্ট-বহির্ভূত এলাকায় বসবাসরত শিক্ষার্থী যে বর্তমানে স্কুলের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিতে পড়ছে, এবং পরবর্তী স্কুল বছরে এই স্কুলের যাদের কোন ভাইবোন পড়ছে না;

g. উপরের সি (c) এবং ই (e) ব্যতীত অন্যান্য শিক্ষার্থী যারা সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা;

h. উপরের ডি (d) এবং এফ (f) ব্যতীত অন্যান্য শিক্ষার্থী যারা অন্য ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা;

2. জোন নেই, এমন স্কুলগুলোকে নিচে উল্লিখিত অগ্রাধিকার ক্রমানুসারে আবেদনকারী গ্রহণ করতে হবে:

a. ডিস্ট্রিক্টভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে;

b. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে;

c. বর্তমানে স্কুলের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিতে পড়ছে এমন শিক্ষার্থী যারা স্কুলটির ডিস্ট্রিক্ট-এ বসবাস করে, এবং পরবর্তী স্কুল বছরে এই স্কুলের কে-৫ গ্রেডে যাদের কোন ভাইবোন পড়ছে না;

d. বর্তমানে স্কুলের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিতে পড়ছে এমন শিক্ষার্থী যারা স্কুলটির ডিস্ট্রিক্ট-এর বাইরে বসবাস করে, এবং পরবর্তী স্কুল বছরে এই স্কুলের কে-৫ গ্রেডে যাদের কোন ভাইবোন পড়ছে না;

e. উপরেরেএ (a) এবং সি (c) ব্যতীত ডিস্ট্রিক্টের অন্যান্য শিক্ষার্থী;

f. উপরের বি (b) এবং ডি (d) ব্যতীত ডিস্ট্রিক্ট-বহির্ভূত অন্যান্য শিক্ষার্থী।

D. জোনভুক্ত এলিমেন্টারি ও [7] মিডল স্কুলে ভর্তি[8]

1. যোগ্যতা

a. জোনভুক্ত শিক্ষার্থীরা খালি আসনসাপেক্ষে তাদের জোনভুক্ত এলিমেন্টারি ও মিডল স্কুলে ভর্তি হওয়ার অধিকার রাখে।

b. জোনভুক্ত স্কুল নেই এমন এলিমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীরা এমন একটি ডিস্ট্রিক্টের স্কুলে আসন পাওয়ার অধিকার রাখে যেখান শিক্ষার্থীর ঠিকানা মিডল স্কুলের জন্য পূর্বরেকর্ড অনুসারে নির্ধারণ করা হয়েছে।

c. কোন কোন ক্ষেত্রে, রিজোনিং প্ল্যানের সময়ের ভিত্তিতে, শিক্ষার্থীর জোনভুক্ত স্কুল আবেদন পর্বের সময় পরিবর্তিত হতে পারে। এমন ক্ষেত্রে, শিক্ষার্থী জোনভুক্তির অধিকার হিসেবে তালিকাভুক্ত হওয়ার সময় তার জোনভুক্ত স্কুলটি বিবেচিত হবে।

[7] উপরের বাড়তি নিয়ম পুরণসাপেক্ষে, এই প্রবিধানের এলিমেন্টারি স্কুল বিষয়ক ধারা কিন্ডারগার্টেনকেও অন্তর্ভুক্ত করে।

[8] সেকশন II.C উল্লিখিত নীতি জোনভুক্ত এলিমেন্টারি ও মিডল স্কুলে ভর্তি নিয়ন্ত্রণ করে, তবে ব্যতিক্রম হয় প্রি-কিন্ডারগার্টেনে ভর্তির বেলায়, যা নিয়ন্ত্রিত হয় উপরের সেকশন II.A.2-এর নীতি অনুযায়ী।

d. ভাইবোন হিসেবে প্রমাণিত যেসব শিক্ষার্থী কোন জোন স্কুলে পড়লে সে স্কুলটি যদি সিইসি গৃহীত রি-জোনিং পরিকল্পনার কারণে প্রভাবিত হয়, তাহলে প্রভাবিত স্কুলে এ অগ্রাধিকারের ব্যবস্থা বজায় থাকবে, যদি অনুমোদিত জোনিং পরিকল্পনায় এই অগ্রাধিকার দেওয়া হয়।

2. মিডল স্কুলের জন্য অগ্রাধিকার - মিডল স্কুল চয়েস

a. জোনভুক্তদের মিডল স্কুলে শিক্ষার্থীদের অগ্রাধিকার আছে, যদি শিক্ষার্থী সেই স্কুলে ভর্তি হওয়ার জন্য তার মিডল স্কুল চয়েস অ্যাপ্লিকেশনে তালিকাভুক্ত করে। মিডল স্কুল ভর্তি প্রক্রিয়া অনুযায়ী জোনভুক্ত শিক্ষার্থীদের ভর্তির পর জোনভুক্ত স্কুলগুলোর খালি আসন (ওএসই দ্বারা নির্ধারিত) জোনভুক্ত নয় এমন আবেদনকারী শিক্ষার্থীদের জন্য লভ্য হবে। যেসব জোনভুক্ত শিক্ষার্থী তাদের জোনভুক্ত স্কুলে আবেদন করেনি তাদের জোনভুক্ত স্কুলে যাওয়ার অগ্রাধিকার থাকবে না। আবেদনকারী জোনভুক্ত শিক্ষার্থীদের স্থান দেয়ার পূর্বে আসন খালি থাকলে আপিল প্রক্রিয়ায় থাকা জোনভুক্ত নয় এমন শিক্ষার্থীদের স্থান দেয়া হবে।

b. একটি কে-৮ স্কুলে অধ্যয়নরত পঞ্চম গ্রেডের শিক্ষার্থীর ওই স্কুলটিতে ৬ষ্ঠ গ্রেডে পড়তে অগ্রাধিকার পাবে যদি সে মিডল স্কুল চয়েস অ্যাপ্লিকেশনে চলমান কে-৮ স্কুলটিকে অন্তর্ভুক্ত করে। মিডল স্কুলে ভর্তি প্রক্রিয়া চলাকালে আবেদনপ্রক্রিয়া অনুযায়ী সকল চলমান শিক্ষার্থীদের ভর্তি সম্পন্ন হওয়ার পর কে-৮ গ্রেড স্কুলগুলোতে অবস্থিত খালি আসনগুলোকে (ওএসই দ্বারা নির্ধারিত) চলমান শিক্ষার্থী ছাড়া ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ভর্তির জন্য লভ্য করা হবে। যেসব চলমান শিক্ষার্থী তাদের বর্তমান স্কুলে আবেদন করেনি তাদের ওই স্কুলের ৬ষ্ঠ গ্রেডে যাওয়ার অগ্রাধিকার থাকবে না। আবেদনকারী চলমান শিক্ষার্থীদেরকে স্থান দেয়া হবে চলমান নয় এমন আপিল প্রক্রিয়ায় থাকা শিক্ষার্থীদের আগে।

c. শিক্ষার্থীরা যখন মিডল স্কুল চয়েস প্রসেসের অংশ হিশেবে একটি জোনভুক্ত নয় বা চলমান নয় এমন স্কুলে আসন লাভ করে তখন শিক্ষার্থীদের জোনভুক্ত স্কুলে বা কে-৮ গ্রেড স্কুলে মিডল স্কুলের অবশিষ্ট সময়ের জন্য ফিরে আসার অধিকার থাকে না। জোনভুক্ত বা কে-৮ স্কুলের জন্য যেকোন অনুরোধ পিইআর অথবা বদলি প্রক্রিয়ার মাধ্যমে করতে হবে।

3. রেজিস্ট্রেশন/অ্যাসাইনমেন্ট

a. কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর আগত জোনভুক্ত শিক্ষার্থীরা আসন খালি থাকা সাপেক্ষে সরাসরি তাদের জোনভুক্ত এলিমেন্টারি স্কুলে রেজিস্টার করতে পারে। ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর আগত জোন স্কুল নেই এমন শিক্ষার্থীরা ভর্তির জন্য একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে অফিসে যেতে পারে।

b. ভর্তি প্রক্রিয়ার পর আগত জোনভুক্ত মিডল স্কুলের শিক্ষার্থী যারা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে প্রবেশ করতে চাইছে তারা সরাসরি তাদের জোনভুক্ত মিডল স্কুলে রেজিস্টার করতে পারে। ৬ষ্ঠ গ্রেডের আবেদন প্রক্রিয়ার সময়ে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থায় তালিকাভুক্ত জোনভুক্ত শিক্ষার্থীদের মিডল স্কুলে ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে মিডল স্কুলে আসন দেওয়া হবে। ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর আগত জোন স্কুল নেই এমন শিক্ষার্থীরা ভর্তির জন্য একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে অফিসে যেতে পারে।

c. একটি অ-জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল স্কুলে ভর্তি হতে আগ্রহী ভর্তি প্রক্রিয়া অংশগ্রহণ করেনি এমন শিক্ষার্থী অথবা তাদের জন্য জোনভুক্ত নয় এমন এলিমেন্টারি অথবা মিডল স্কুলে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের এই প্রবিধানে প্রতিষ্ঠিত নীতিমালা অথবা অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত অপর কোন বিধানের আলোকেই কেবল অ্যাসাইন/রেজিস্টার করা যাবে।

E. জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল স্কুলসমূহের জন্য নীতিমালা

1. কিন্ডারগার্টেন হচ্ছে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে প্রবেশের গ্রেড। কিন্ডারগার্টেন কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য যোগ্যতা অর্জনে শিক্ষার্থীকে ওই স্কুলবছরের ৩১ ডিসেম্বরের মধ্যে অবশ্যই ৫ বছর বয়সী হতে হবে।

2. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক, কোন এলিমেন্টারি বা মিডল স্কুলের জন্য জোনভুক্ত শিক্ষার্থীদের সেসব স্কুলে ভর্তি হওয়ার অগ্রাধিকার রয়েছে এবং অ-জোনভুক্ত শিক্ষার্থীদের আসন দেয়ার আগে অবশ্যই তাদের গ্রহণ করতে হবে।

3. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত খালি আসনসাপেক্ষে, জোনভুক্ত স্কুলগুলোকে জোনভুক্ত শিক্ষার্থীদের রেজিস্টার করতে ও গ্রহণ করতে হয়।

4. অ-জোনভুক্ত শিক্ষার্থীদের এই প্রবিধানে প্রতিষ্ঠিত নীতিমালা এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত অপর কোন বিধানের আলোকেই কেবল জোনভুক্ত স্কুলে ভর্তি করা যাবে।

5. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক জোনভুক্ত স্কুলের দায়িত্ব এর পরিধিভুক্ত জোনের মধ্যে বসবাসকারী সব শিক্ষার্থীকে পরিষেবা দেয়া। তাই, কোন অবস্থাতেই একটি জোনভুক্ত স্কুল কোন গ্রেডে ক্লাস সাইজ ছোট করা বা ছোট রাখার জন্য ভর্তি বন্ধ করা যাবে না। একমাত্র অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট অথবা অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং কোনো গ্রেডে এনরোলমেন্ট বন্ধ করতে পারে।

6. যেসব ক্ষেত্রে শিক্ষার্থীর গ্রেডে শিক্ষার্থীবাহুল্যের কারণে জোনভুক্ত স্কুল থেকে শিক্ষার্থীদের অন্যত্র পাঠাতে হবে সেসব ক্ষেত্রে শিক্ষার্থীর অধিকার আছে তার বসবাসের ডিস্ট্রিক্টে বদলি প্লেসমেন্ট-এর সুযোগ পাওয়ার। স্থানলাভ করার এই অধিকার শিক্ষার্থীদেরকে এমত পরিস্থিতিতে অপর একটি জোনভুক্ত স্কুলে অন্যান্য অ-জোনভুক্ত শিক্ষার্থীর আগে অগ্রাধিকার লাভের সুযোগ মঞ্জুর করে। শিক্ষার্থীবাহুল্যের কারণে ভিন্ন একটি স্কুলে স্থানলাভকারী শিক্ষার্থীকে অবশ্যই হয় বদলি স্কুল গ্রহণ করতে অথবা জোনভুক্ত স্কুলের অন্য কোন বিকল্প স্কুল বের করতে হবে।

7. যেসব শিক্ষার্থীকে তাদের জোনভুক্ত স্কুলের পরিবর্তে অপর একটি স্কুলে পাঠান হয়েছে অনুমোদিত ভর্তি বন্ধ পরিকল্পনার ভিত্তিতে তারা অফিস অভ এনরোলমেন্ট কর্তৃক একটি শেষতারিখ নির্ধারিত না হওয়া অবধি তাদের জোনভুক্ত স্কুলে ওয়েট লিস্টে থাকতে পারে। যেসব ক্ষেত্রে যখন কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের স্থানান্তরিত করা হয়, সেসব ক্ষেত্রে পরবর্তী বছরে ১ম গ্রেড কোন আসন খালি হলে তা অপেক্ষমাণদের তালিকা থেকে ক্রমানুসারে স্থানান্তরিত শিক্ষার্থীদের প্রথম ভর্তির সুযোগ দেয়া হবে। স্থানান্তরিত শিক্ষার্থীরা জোনভুক্ত স্কুলে প্রত্যাবর্তনে অস্বীকার করতে এবং শিক্ষার্থীবাহুল্যের কারণে স্থানান্তরিত স্কুলে রয়ে যেতে পারে। প্রত্যাবর্তনের সুযোগ প্রত্যাখ্যানের ফলে এসব শিক্ষার্থীর বাসস্থানের ঠিকানার নিরিখে জোনভুক্ত স্কুলে ফিরে আসার স্বতোক্রিয় অধিকার আর থকবে না। এধরনের শিক্ষার্থী যাদের উপচে-পড়া স্কুলে পরিবহণ লাভে আইনগত অধিকার ছিল তাদের আর পরিবহন লাভের অধিকার থাকবে না যদি না অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন কৃর্তৃক প্রতিষ্ঠিত নীতিমালার ভিত্তিতে বাধ্যতামূলক বা যোগ্যতাসম্পন্ন হয়ে থাকে। একটি এলিমেন্টারি স্কুলে শেষ গ্রেড সমাপনের পর এধরনের শিক্ষার্থী তাদের এলিমেন্টারি স্কুলে ভর্তি অথবা বাসস্থানের ঠিকানার নিরিখে মিডল স্কুলে প্রবেশাধিকার লাভের সুযোগ পাবে।

8. শিক্ষার্থীকে তার জোনভুক্ত এলিমেন্টারি স্কুলে বদলি করার জন্য পিতামাতার অনুরোধ খালি আসনসাপেক্ষে মঞ্জুর করা হবে।

9. জোনভুক্ত স্কুলের প্রাথমিক দায়িত্ব হচ্ছে এর জোনভুক্ত স্কুলকে পরিষেবা দেয়া। যদি একটি জোনভুক্ত স্কুল সকল জোনভুক্ত শিক্ষার্থীকে স্থান দিতে অসমর্থ হয়, তাহলে স্কুলের অ-বাধ্যতামূলক কর্মসূচিগুলো হ্রাস করা বা বাতিল করা যেতে পারে।

F. ম্যাট্রিকুলেশনের নীতিমালা

1. "বাছাই" কর্মসূচি থেকে ম্যাট্রিকুলেশন (শুধু এলিমেন্টারি এবং মিডল স্কুল)

কোন শিক্ষার্থী যাকে আবেদন বা বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি করা হয়, বা যে একটি প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (পিইআর) মঞ্জুর করা হয়, বা একটি এলিমেন্টারি স্কুলে বদলি করা হয় যেটির জন্য সে জোনভুক্ত নয়, যেমনটি বর্ণিত হয়েছে সেকশন IV- এ, এবং স্কুলটির শেষ গ্রেড সম্পন্ন হওয়া অবধি সেখানেই ভর্তি থাকে সে সেসব বিকল্প সুযোগসুবিধার ভিত্তিতে মিডল স্কুলে ম্যাট্রিকুলেট করতে পারবে যেগুলো সেসব শিক্ষার্থীর জন্য লভ্য থাকে যাদেরকে শিক্ষার্থী যে ডিস্ট্রিক্টে এলিমেন্টারি স্কুলে গেছে সেই ডিস্ট্রিক্টের একটি এলিমেন্টারি স্কুলে জোনভুক্ত করা হয়। মিডল স্কুল বাছাই প্রক্রিয়া বিদ্যমান এমন ডিস্ট্রিক্টসমূহে শিক্ষার্থীরা তাদের এলিমেন্টারি স্কুলের ডিস্ট্রিক্টে মিডল স্কুলে আবেদন করতে পারে। শিক্ষার্থীরা তাদের জোনভুক্ত মিডল স্কুল ডিস্ট্রিক্টের মিডল স্কুলেও ম্যাট্রিকুলেট করার ইচ্ছাপোষণ করতে পারে। এক্ষেত্রে, ডিস্ট্রিক্ট-বহির্ভূত একজন এলিমেন্টারি স্কুল শিক্ষার্থী যে মিডল স্কুলের জন্য সেই ডিস্ট্রিক্টেই থেকে যাওয়া মনস্থ করেছে সে একজন ডিস্ট্রিক্টের বাসিন্দা আবেদনকারীর সমান অগ্রাধিকার লাভ করবে। যেসব ডিস্ট্রিক্টে মিডল স্কুল বাছাই কর্মসূচি রয়েছে সেখানে যদি একজন সন্ধিযুক্ত শিক্ষার্থীকে তার পছন্দের কোন স্কুলের সঙ্গে মানানসই করা না হয়, তাহলে তার বসবাসের ডিস্ট্রিক্টে কোন স্কুলে স্থান পাওয়ার অগ্রাধিকার রয়েছে।

2. কে-৮ এবং ৬-১২ স্কুলের সন্ধিযুক্ততা

কে-৮ অথবা ৬-১২ হিসাবে বিন্যস্ত একটি স্কুলের অবশ্যই একাধিক প্রবেশবিন্দু থাকতে হবে। তাই, যখন একজন শিক্ষার্থীকে এমন একটি স্কুলে ভর্তি করা হয় যেটি কে-৮ বা ৬-১২ কাঠামোয় বিন্যস্ত তখন সেই শিক্ষার্থীর উচ্চতর গ্রেডে ভর্তি হওয়ার অধিকার এবং অগ্রাধিকার রয়েছে। এধরনের শিক্ষার্থীরা, একই সময়ে, তাদের উপযুক্ততা রয়েছে এমন যেকোন স্কুল বা কর্মসূচিতে আবেদন করতে পারে। এলেমেন্টারি স্কুল জোনে বসবাসকারী শিক্ষার্থীদের ৬ষ্ঠ গ্রেডের জন্য কে-৮ স্কুলে যাওয়ার অগ্রাধিকার আছে, যদি না ইতোমধ্যেই তারা সেখানে ভর্তি থাকে।

G. হাই স্কুলের সঙ্গে সন্ধিযুক্ততা

1. যেসব সন্ধিযুক্ত শিক্ষার্থী ৮ম গ্রেড থেকে হাই স্কুলে উঠছে, আবেদন করার বছরটিতে হাই স্কুল নির্দেশিকায় উল্লিখিত ভর্তি প্রক্রিয়া অনুযায়ী আবেদন করলে তাদেরকে হয় অগ্রাধিকার না-হয় জোন স্কুলে ভর্তির নিশ্চয়তা দেওয়া হবে।

2. কোন হাই স্কুল (ডিস্ট্রিক্ট ৭৫, ডিস্ট্রিক্ট ৭৯ কর্মসূচি এবং বদলি স্কুল ব্যতীত) শিক্ষার্থী রেজিস্টার করতে পারবে না। শুধু অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট হাই স্কুলের শিক্ষার্থীদের রেজিস্টার করতে পারে।

3. যেসব শিক্ষার্থী এনওয়াইসি পাবলিক স্কুল সিস্টেম থেকে অব্যাহতিপ্রাপ্ত, এবং (স্পেশালাইজড হাই স্কুল, বদলি স্কুল, নবাগতদের স্কুল, এবং ইংরেজিতে সীমিত দক্ষদের স্কুলসহ) একটি স্কুলের সঙ্গে মানানসইকৃত হয়েছে হাই স্কুল ভর্তি প্রক্রিয়া অনুযায়ী তাদেরকে যে স্কুলবছরের জন্য মানানসই করা হয়েছে, তাদের সেই স্কুলবছরের যেকোন সময়ে স্কুলটিতে ভর্তি হওয়ার অধিকার আছে।

III. <u>পুনর্ভর্তি</u>

A. পুনঃভর্তি/প্রত্যাবর্তনের অধিকার

সাধারণভাবে, নিচের নির্দেশনামা মোতাবেক, শিক্ষার্থীদের এনওয়াইসি পাবলিক স্কুল থেকে অব্যাহতি লাভের এক ক্যালেন্ডার বছরের মধ্যে তাদের পূর্বতন স্কুলে প্রত্যাবর্তনের অধিকার আছে:

1. এলিমেন্টারি/মিডল স্কুল শিক্ষার্থী

a. এলিমেন্টারি এবং মিডল স্কুল শিক্ষার্থীদের জন্য, যে শিক্ষার্থী তার পূর্ব ঠিকানায় প্রত্যাবর্তন করে তার, খালি আসন প্রাপ্তিসাপেক্ষে, অধিকার আছে নিজের জোনভুক্ত স্কুলে ফিরে

যাওয়ার;

b. এলিমেন্টারি অথবা মিডল স্কুলের শিক্ষার্থী যারা ইতিপূর্বে একটি অ-জোনভুক্ত স্কুলে গেছে তাদের যদি বাসস্থানের ভিত্তিতে উপযুক্ততা অক্ষুণ্ণ থাকে তাহলে তাদের অধিকার আছে এক ক্যালেন্ডারবছরের জন্য উক্ত স্কুলে প্রত্যাবর্তন করার;

c. যেসব শিক্ষার্থী ইতিপূর্বে ডিস্ট্রিক্ট অথবা সিটিওয়াইড গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিগুলোয় অংশগ্রহণ করেছে তারা গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ফিরে আসতে পারে যদি আসন খালি থাকে এবং যদি তারা সেই ডিস্ট্রিক্টে (ডিস্ট্রিক্ট কর্মসূচিগুলোর জন্য) ফিরে আসে। যেসব শিক্ষার্থী ডিস্ট্রিক্ট গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিগুলোয় অংশগ্রহণ করেছে এবং অন্য একটি ডিস্ট্রিক্টে ফিরে এসেছে তাদেরকে তাদের নতুন ডিস্ট্রিক্টে একটি গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে পুনঃভর্তি করা যেতে পারে যদি আসন খালি থাকে।

2. হাই স্কুল শিক্ষার্থী

হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য, যারা এনওয়াইস পাবলিক স্কুল সিস্টেম থেকে অব্যাহতি লাভ করেছে তারা যদি ন্যূনতম একদিনের জন্য উপস্থিত হয়ে থাকে তাহলে তাদের অব্যাহতি লাভ করার তারিখ থেকে এক ক্যালেন্ডার বছরের মধ্যে (স্পেশালাইজড হাই স্কুল, ট্রান্সফার স্কুল এবং নবাগত ও ইংরেজিতে সীমিত দক্ষদের স্কুলসহ) তার পূর্বতন হাই স্কুলে প্রত্যাবর্তনের অধিকার আছে;[9]

b. একজন শিক্ষার্থীর প্রত্যাবর্তনের অধিকার সম্পর্কে যদি কোন প্রশ্ন থাকে, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট পুনঃভর্তি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেবে।

IV. <u>বদলি</u>

বদলির অনুরোধের ক্ষেত্রে স্কুলগুলোকে পরিবারের সাথে বদলির অনুরোধ পর্যালোচনা করা এবং যদি বদলি হওয়া আবশ্যক বলে বিবেচিত হয় তাহলে সকল আনুষাঙ্গিক কাগজপত্র প্রদান করা।

A. বদলি এবং প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট-এর সব অনুরোধ অবশ্যই স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক [10] অনুমোদিত হবে শুরু নিম্নবর্ণিত ব্যতিক্রমগুলো ছাড়া:

1. অনিচ্ছাকৃত বদলি এবং স্বেচ্ছা বদলি, যেগুলো চ্যান্সেলরের প্রবিধান A-450 এবং A-443 মোতাবেক বরো ডিরেক্টর অভ সাসপেনশন নিয়ন্ত্রণ করেন:

2. জোনভুক্ত স্কুলে যেতে (যখন আসন খালি থাকে) আগ্রহী এলিমেন্টারি শিক্ষার্থীদের বদলি, যেসব ক্ষেত্রে, গ্রাহক প্রিন্সিপ্যাল শিক্ষার্থীদের ভর্তি করে নেন; এবং

3. আইইপিতে বর্ণিত নতুন বিশেষায়িত কর্মসূচির চাহিদার কারণে শিক্ষার্থী বদলি, যেমন দ্বিভাষিক বিশেষ শিক্ষা কর্মসূচি,

4. আইপিতে সুপারিশকৃত যথাযথ বিশেষ শিক্ষা কর্মসূচি প্রদানে (ইনটিগ্রেটেড কো-টিচিং ও স্পেশাল ক্লাস) শিক্ষার্থীর বর্তমান স্কুলের প্রমাণিত অসামর্থ্যের কারণে স্পেশাল এডুকেশন অফিস কর্তৃক অনুমোদিত বদলি;

5. নিরপেক্ষ শুনানির আদেশ অনুসারে বাধ্যতামূলক বদলি; এবং

---

[9] ডিপ্লোমা ছাড়া অব্যাহতিপ্রপ্ত শিক্ষার্থী তার স্কুলে ফিরতে পারবে যে বছর তার বয়স হবে ২১, সে স্কুল বছরের শেষ পর্যন্ত।

[10] প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট হলো সেসব অনুরোধ যা শরত পর্বের সকল ভর্তির ক্ষেত্রে জানান হয় শিক্ষার্থীর জোন বা ভর্তি থাকা স্কুলে অসুবিধার কারণে।

6. ডিস্ট্রিক্ট ৭৫ এবং ডিস্ট্রিক্ট ৭৯ এর অভ্যন্তরে বদলি

B. সব আবশ্যক কাগজপত্র দাখিলসাপেক্ষে, নিচে উল্লিখিত সুনির্দিষ্ট কোন দুর্দশালাঘবে অন্যান্য বদলি মঞ্জুর করা যেতে পারে। সকল ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বদলির আবেদন হয় প্রত্যাখ্যান অথবা অনুমোদন করবে এবং কোন স্কুলে শিক্ষার্থীকে বদলি করা হবে তা নির্ধারণ করবে।

1. শিশুপরিচর্যায় সমস্যাজনিত বদলি (শুধু কে-৫ গ্রেডের শিক্ষার্থীদের জন্য): একজন পিতামাতা তার সন্তানের বদলির জন্য অনুরোধ করতে পারেন কেননা চাকুরিস্থল এবং/অথবা শিশুপরিচর্যা কেন্দ্র থেকে স্কুলের দূরত্ব বেশি হওয়ায় শিশুপরিচর্যা সমস্যা সৃষ্টি হয়েছে। পিতামাতাকে অবশ্যই শিশুপরিচর্যা সমস্যা নিশ্চিত করে তার নিয়োগদাতা এবং/অথবা শিশুপরিচর্যা শিশুপরিচর্যা প্রদানকারীর চিঠি উপস্থাপন করতে হবে।

2. <u>ভাইবোন বদলি (শুধু কে-৫ গ্রেডের শিক্ষার্থীদের জন্য)</u>: একজন পিতামাতা/অভিভাবক তার সন্তান/সন্তানদের বদলির আবেদন জানাতে পারেন যদি এক বা একাধিক ছেলেমেয়ে ভিন্ন ভিন্ন স্কুলে যায়।

3. <u>স্বাস্থ্য-সংক্রান্ত বদলি:</u> একজন পিতামাতা স্কুল পরিবর্তন করে দূর করা সম্ভব তার সন্তানের এমন বিদ্যমান স্বাস্থ্য সমস্যা সমাধানে স্বাস্থ্যজনিত বদলির অনুরোধ জানাতে পারেন। পিতামাতাকে বদলি কেন সুপারিশ করা হচ্ছে তার কারণ ব্যাখ্যা করে চিকিৎসা প্রদানকারীর লেটারহেডে স্বাস্থ্যের অবস্থার বর্ণনা দিয়ে একজন চিকিৎসক স্বাক্ষরিত নথিপত্র দেখাতে হবে। আরও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে ডিপার্টমেন্ট এডুকেশনের যথোপযুক্ত কর্মকর্তা চিকিত্সকের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

4. <u>নিরাপত্তা বদলি:</u> নিরাপত্তা বদলি মঞ্জুরের পদ্ধতি চ্যান্সেলরের প্রবিধান A-449.এ বর্ণিত আছে। নিম্নলিখিত দৃষ্টান্তগুলির বেলায় নিরাপত্তা বদলি মঞ্জুর যেতে পারে: (a) নো চাইল্ড লেফট বিহাইন্ড অনুসারে শিক্ষার্থীরা যদি স্কুলের জায়গায় সহিংস অপরাধমূলক ঘটনার শিকার হয় অথবা (b) যেসব পরিস্থিতিতে হয়রানি, ভীতি প্রদর্শন এবং বুলিংয়ের অভিযোগসহ) নিরূপিত হয় যে স্কুলে শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি শিক্ষার্থীর জন্য নিরাপদ নয়। নো চাইল্ড লেফট বিহাইন্ড সেফটি ট্রান্সফার (NCLB) সমন্বয় করবেন বরো ডিরেক্টর অব সাসপেনশন।

এনসিএলবি নিরাপত্তা বদলি নয় এমন ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তির কাছ থেকে প্রয়োজনী কাগপত্র লাভ করার এক সপ্তাহের মধ্যে বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টর নির্ধারণ করবেন নিরাপত্তা বদলি মঞ্জুর করা হবে কি হবে না। এর প্রক্রিয়া নিম্নরূপ:

a. সব নিরাপত্তা বদলির অনুরোধ এবং অন্যান্য সহায়ক কাগপত্র অবশ্যই স্কুলের কাছ থেকে আসতে হবে; পরিবারকে নথিপত্র ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে আনতে হবে না। সুরক্ষা বদলির জন্য বিচেচিত হতে হলে, স্কুলকে অবশ্যই ফ্যাক্স করতে হবে:

- স্কুল অকারেন্স রিপোর্ট (ঘটনার প্রতিবেদন) বা স্কুল থেকে অন্য কোন কাগজপত্র
- পুলিশ রিপোর্ট, ডকেট নম্বর বা কোর্টের কাগজপত্র
- সেফটি ট্রান্সফার সামারি অব ইনভেস্টিগেশন ফরম; এবং
- সেফটি ট্রান্সফার ইনটেক ফরম

b. যদি সহায়ক কাগজপত্র নিরাপত্তার বিষয়টি পর্যাপ্তভাবে বর্ণনা না করে অথবা যদি আরও তথ্য প্রয়োজন হয়, তাহলে ডিন, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল সিকিউরিটি, অথবা প্রিন্সিপ্যালকে অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বরাবর আরও তথ্য পেশ করতে হবে;

c. যদি এটি নিরূপিত হয় যে শিক্ষার্থীর বদলি নিরাপত্তা সমস্যা দূর করবে (ঘটনা সংঘটনের স্থান নির্বিশেষে) তা হলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক বদলি অনুমোদিত এবং একটি নতুন স্থান চিহ্নিত হবে।

5. খেলাধুলা সংক্রান্ত বদলি (শুধু হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য)

a. সাধারণভাবে, স্পোর্টসের জন্য কোন বদলি নেই;

b. নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL) রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলিট যে এমন একটি স্কুলে যায় যেটি ক্রমান্বয়ে তুলে দেয়া হচ্ছে এবং স্কুল সেই নির্দিষ্ট খেলাটি বাতিল করেছে, সে অন্য একটি স্কুলে আবেদন করতে পারে। নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পিএসএএল রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলিট যে এমন স্কুলে যায় যেখানে দল অবলুপ্ত হয়েছে সেও অন্য একটি স্কুলে বদলির জন্য আবেদন করতে পারে। এসব ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট এমন একটি স্কুল চিহ্নিত করবে যেখানে আসন খালি রয়েছে এবং সেই খেলাটির জন্য পিএসএএল দলও আছে এবং শিক্ষার্থী অ্যাথলিটের অ্যাকাডেমিক এবং অ্যাথলেটিক চাহিদা পূরণে একটি যথাযথ প্লেসমেন্টের ব্যবস্থাগ্রহণ করবে;

c. নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পিএসএএল রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলিট যে নো চাইল্ড লেফট বিহাইন্ড (NCLB) আইনের আওতায় বদলির আবেদন করে সে শুধু তার তার এনসিএলবি আবেদনে উল্লিখিত একটি স্কুলে বদলির জন্য যোগ্য;

d. উপরে b এবং c অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রসমূহে, একজন শিক্ষার্থী অ্যাথলিট নতুন স্কুলে তার খেলায় আনুষ্ঠানিক পিএসএএল দলে স্থান পাবে তার নিশ্চয়তা নেই। তাকে দলে স্থান পাওয়ার জন্য অবশ্যই ট্রায়ালে অংশ নিতে হবে।

e. হাই স্কুল অ্যাথলেটিক্স সংক্রান্ত সকল বিধিবিধান পিএসএএল স্টুডেন্ট অ্যাথলিট রুলসে অ্যান্ড রেগুলেশন্স কর্তৃক নিয়ন্ত্রিত হয়, যা পাওয়া যাবে www.psal.org) ঠিকানায়।

6. যাতায়াতের সমস্যাজনিত বদলি (শুধু হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য)

a. যাতায়াতের সমস্যাজনিত কারণে বদলি আবেদনের ক্ষেত্রে পরিবারকে অবশ্যই ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ পেশ করতে হবে;

b. যাতায়াতের সমস্যাজনিত কারণে বদলির জন্য বিবেচিত হতে হলে বাড়ি থেকে স্কুলে যাতায়াতের সময় ৭৫ মিনিট বা তার বেশি অথবা অন্য কারণে পাবলিক ট্রান্সপোর্টেশনে যাতায়াত অসম্ভব (অর্থাত, তিনবারের বেশি বদল) হলে।

7. জোনভুক্ত হাই স্কুলে বদলি (শুধু হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য)

প্রথমবারের মতো ৯ম গ্রেড শিক্ষার্থীরা হাই স্কুলের ভর্তি প্রক্রিয়া অনুযায়ী যে স্কুলটিতে ভর্তি হবে, সে স্কুলে তাদের প্রথম বছর পূর্ণ করবে বলে প্রত্যাশা করা হয় এবং তারা তাদের জোন স্কুলে বদলির আবেদন জানাতে পারবে (প্রযোজ্য হলে), সবচেয়ে আগে করতে পারবে পরবর্তী বছরে, এর আগে নয়। তবে তাদের জোন স্কুলে এর আগেও তাদের জোন স্কুলে বদলির আবেদন মঞ্জুর হতে পারে, যদি তারা উপরে তালিকাভুক্ত B.1–B.4 এবং B.6 অনুযায়ী সমস্যাগ্রস্থ থাকার প্রমাণ দেখাতে পারে।

b. b. প্রথমবারের মতো ৯ম গ্রেড ব্যতীত যেসব শিক্ষার্থী তাদের জোনভুক্ত হাই স্কুল ব্যতীত অন্য একটি হাই স্কুলে যাচ্ছে তারা তাদের জোনভুক্ত হাই স্কুলে ভর্তির জন্য আবেদন করতে পারে। যেসব শিক্ষার্থী উপরের B.1–B.4 এবং B.6 ধরনের সমস্যায় আক্রান্ত বলে প্রমাণ রয়েছে, তাদেরকে প্রমাণহীন সমস্যাগ্রস্থদের চাইতে অগ্রাধিকার দেওয়া হবে। সকল বদলির অনুরোধ আসন প্রাপ্তি সাপেক্ষ এবং তা নতুন টার্ম পর্যন্ত বিলম্বিত হতে পারে।

C. প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (শুধু এলিমেন্টারি ও মিডল স্কুল)

1. স্কুল বছর শুরুর পূর্বে শিক্ষার্থীরা হেমন্তের ভর্তির জন্য (ফল এডমিশন) তাদের জোন স্কুল বা নির্ধারিত স্কুলভিন্ন অন্য কোন স্কুলে "প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট" (ব্যতিক্রমী কারণে ভর্তির

অনুরোধ, পিইআর)-এর অনুরোধ করতে পারে।

2. ব্যতিক্রমী কারণে ভর্তির অনুরোধ বিবেচনা করা হয় প্রাথমিকভাবে কোন সমস্যাকে মোকাবেলা করার জন্য এবং এর জন্য অবশ্যই উপযুক্ত কাগজপত্র উপস্থাপন করতে হবে। এ ধরনের অনুরোধ মঞ্জুর করা হয় বিশেষ কোন স্কুলে, যে স্কুলটি তার প্রত্যাশিত নিবন্ধনসীমায় না পৌঁছে থাকে এবং আসন খালি থাকে।

V. স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ভর্তির নীতি

A. ভর্তিপ্রক্রিয়া শিক্ষার্থীদের অংশগ্রহণ নিয়ন্ত্রণকারী নীতিসহ সাধারণ শিক্ষায় ভর্তিসংক্রান্ত সকল নীতি প্রতিবন্ধী শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রেও প্রযোজ্য। প্রতিবন্ধী শিক্ষার্থীদের বদলি এবং ভর্তিসংক্রান্ত ব্যাপারে নিম্নলিখিত নীতিমালার প্রতি নজর রাখতে হবে:

1. যখন ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)-তে কোন পরিবর্তন হয়, তখন প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার আছে তাদের বর্তমান স্কুলে থেকে যাওয়ার যদি না পরিবর্তনগুলোর কারণে ডিস্ট্রিক্ট ৭৫ বা নন-পাবলিক স্কুল প্লেসমেন্টর আবশ্যক না হয়।

2. স্পেশালাইজড কর্মসূচি

   a. বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন ও অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার (ASD) যুক্ত শিক্ষার্থীদের কর্মসূচিসহ কোনো বিশেষায়িত কর্মসূচির সুপারিশ করার জন্য যদি শিক্ষার্থীর আইইপি সংশোধন করা হয় তাহলে এনওয়াইসি ডিওই কর্মসূচি শনাক্ত করে নতুন প্লেসমেন্ট অনুমোদন করার আগে অবধি ওই শিক্ষার্থীর তার বর্তমান স্কুলে থেকে যাওয়ার অধিকার আছে। এরপর শিক্ষার্থীকে বদলি করা হবে।

   b. যদি কখনো, শেষ গ্রেডের আগে পর্যন্ত, একজন শিক্ষার্থীর আইইপিতে আর বিশেষায়িত কর্মসূচির চাহিদা প্রতিফলিত না হয়, তাহলে শিক্ষার্থী শেষ গ্রেড অবধি স্কুলটি থাকবে বলে প্রত্যাশা করা হয় এবং তার তা করার অধিকার আছে। এলেমেন্টারি ও মিডল স্কুলে শিক্ষার্থীদের আসন সাপেক্ষে তাদের জোনভুক্ত স্কুলে বদলি নেওয়ার অধিকার রয়েছে।

B. ইতিপূর্বে প্রতিবন্ধী শিক্ষার্থী হিসাবে চিহ্নিত একজন শিক্ষার্থী আইইপি-ছাড়া যদি নিউ ইয়র্ক সিটিতে পুনঃভর্তি হতে আবেদন করে, তাহলে তাকে ফ্যামিলি ওয়েলকাম সেন্টার তার সর্বশেষ নিউ ইয়র্ক সিটি আইইপির ভিত্তিতে, যথেযাপযুক্ত স্থানে ভর্তি করবে। প্রযোজ্য হলে শিক্ষার্থীর স্কুলে ৩০ দিনের মধ্যে আইইপি বৈঠক অনুষ্ঠান করতে এবং একটি নতুন আইইপি প্রণয়ন করতে হবে।

C. যদি একজন শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাইরের কোন কাগজপত্র দাখিল করে যাতে স্পেশাল এডুকেশন সার্ভিস আবশ্যক বলা হয়েছে, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই যথাযথ সিএসই অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে পাঠাতে হবে, যেখানে সমতুল পরিসেবা নির্ণয় করা এবং একটি যথোপযুক্ত স্কুল নির্ধারণ করা হবে।

VI. বাসস্থান নিরূপণ

A. একজন শিক্ষার্থীর বাসস্থান নিরূপিত হয় নিম্নরূপে:

1. বাসস্থান নির্ধারণ করা হয় একজন ব্যক্তির বসবাসের উদ্দেশ্যে একটি স্কুল ডিস্ট্রিক্টের ভৌগলিক সীমানার মধ্যে শারীরিকভাবে উপস্থিতির ভিত্তিতে।

2. স্কুলের প্রয়োজনে একজন শিক্ষার্থীর বাসস্থান নির্ভর করে শিক্ষার্থীর পরিচর্যা, হেফাজত এবং নিয়ন্ত্রণ সংক্রান্ত প্রামাণিক তথ্যের উপর।

B. নিচের প্রক্রিয়া ব্যাখ্যা করে একজন ব্যক্তি যিনি শিক্ষার্থীর জন্মসূত্রে অথবা দত্তকপিতামাতা অথবা আইনগত অভিভাবক নন তিনি কীভাবে শিক্ষার্থীকে রেজিস্টার করবেন:

1. স্কুলে রেজিস্টার করার সময়ে শিক্ষার্থীর সঙ্গে অবশ্যই পিতামাতার সম্পর্কে আবদ্ধ কোন ব্যক্তি থাকতে হবে (শুধু সেকশন VIII.D এবং চ্যান্সেলরের প্রবিধান A-780-এ বর্ণিত সঙ্গীহীন এমন তরুণদের জন্য প্রযোজ্য ক্ষেত্রসমূহ ব্যতীত) সঙ্গে স্কুলে আসতে হবে। পিতামাতার সম্পর্কে আবদ্ধ

ব্যক্তির মধ্যে রয়েছেন শিক্ষার্থীর পিতা অথবা মাতা, জন্মগত অথবা দত্তক, স্টেপফাদার অথবা স্টেপমাদার, আইনগতভাবে নিযুক্ত অভিভাবক অথবা হেফাজতকারী। একজন ব্যক্তি আরেকজন ব্যক্তির হেফাজতকারী হিসাবে বিবেচিত হন যদি তিনি এই দায়িত্বগ্রহণ করেন এবং সেই ব্যক্তির যত্ন নেন। শিক্ষার্থী রেজিস্টার করার জন্য আইনগত অভিভাবকত্বের প্রমাণ আবশ্যক হয় না।

2. যদি শিক্ষার্থীকে রেজিস্টার করতে আসা ব্যক্তি জন্মসূত্রে অথবা দত্তক পিতামাতা অথবা আনিগত অভিভাবক না হন, তাহলে উক্ত ব্যক্তিকে অবশ্যই স্কুল অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে এফিডেভিট করে তার নাম, ঠিকানা, ফোন নম্বর, জন্মসূত্রে অথবা দত্তক পিতামাতা অথবা আইনগত অভিভাবকের নাম, শিক্ষার্থী কোন পরিস্থিতিতে তার সঙ্গে বসবাস করছে এবং বসবাসের মেয়াদ (সংযুক্তি ১ দ্রষ্টব্য) উল্লেখ করতে হবে। অভিভাবকহীন নাবালকদের এই নোটারিকৃত বিবৃতি জমা দিতে হবে না (দেখুন সেকশন VIII.D)।

3. যদি শিক্ষার্থীকে রেজিস্টার করতে আসা ব্যক্তির মর্যাদা সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে শিক্ষার্থী কোন ব্যক্তির সঙ্গে হেফাজতের সম্পর্কে আবদ্ধ, স্কুলের এই তদন্ত মুলতবি রেখে শিক্ষার্থীকে অবশ্যই রেজিস্টার করতে হবে।

C. শিক্ষার্থী তার জন্মগত অথবা দত্তক পিতামাতা অথবা আইনগত অভিভাবকের পরিবর্তে অন্য ব্যক্তির সঙ্গে বসবাস করে থাকে কিনা এটি নিরূপণে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

1. শিক্ষার্থী এই ঠিকানায় থাকতে চায় কিনা?

2. জন্মসূত্রে অথবা দত্তকসূত্রে পিতামাতা অথবা আইনগত অভিভাবক শিক্ষার্থী যে ব্যক্তির সঙ্গে থাকে তার অনুকূলে হেফাজতি এবং/অথবা নিয়ন্ত্রণ পরিত্যাগ করেছেন কিনা?

3. জন্মসূত্রে বা দত্তকসূত্রে পিতামাতা অথবা আইনগত অভিভাবক শিক্ষার্থীর ভরণপোষণ অব্যাহত রেখেছেন কিনা?

4. শিক্ষার্থী যে প্রাপ্তবয়স্কের সঙ্গে বসবাস করছে তিনি শিক্ষার্থীর পরিচর্যা এবং হেফাজত করেন কি?

5. এমত যথেষ্ট প্রমাণ আছে কি পিতামাতা শিক্ষার্থীর হেফাজত ও নিয়ন্ত্রণ শিক্ষার্থী যে ব্যক্তির সঙ্গে থাকছে, তার কাছে হস্তান্তর করেছে? স্কুল জন্মসূত্রে বা দত্তকসূত্রে পিতামাতার কাছ থেকে হলফকৃত নোটারাইজড বিবৃতি বা এফিডেভিট চাইতে পারে (সংযুক্তি ২ দ্রষ্টব্য)।

6. শিক্ষার্থী কেন অন্যদের সাথে বাস করছে? যদি অন্যের সঙ্গে একত্রে থাকার একমাত্র কারণ হয় শিক্ষার্থীকে তার বর্তমান স্কুল থেকে অন্য একটি স্কুলে বদলি করা যার জন্য সে উপযুক্ত নয়, তাহলে এক্ষেত্রে তার বসবাসের ঠিকানা প্রতিষ্ঠিত হয়নি।

VII. <u>বসবাসের ঠিকানা যাচাই</u>

A. একজন শিক্ষার্থীকে স্কুলে ভর্তি করার সময়ে অবশ্যই ঠিকানার প্রমাণ পেশ করতে হবে। নিচের দ্বিতীয় অনুচ্ছেদে প্রতিষ্ঠিত নিয়ম ব্যতীত বাসস্থানের প্রমাণ দিতে নিচে উল্লিখিত যেকোন দুটি ডক্যুমেন্ট অবশ্যই দেখাতে হবে, প্রত্যেকটিতে অবশ্যই বাড়ির ঠিকানার উল্লেখ থাকতে হবে

1. ঠিকানার প্রমাণ দিতে হবে নিচে উল্লিখিত যেকোন দুটি ডকুমেন্ট দ্বারা:

a. বাড়ির মূল লিস এগ্রিমেন্ট, দলিল অথবা মর্টগেজের স্টেটমেন্ট।

b. aবাড়িতে বসবাসকারীর নামে কোন ইউটিলিটি কোম্পানি কর্তৃক(যেমন ন্যাশনাল গ্রিড অথবা কন এডিসন) ইস্যুকৃত বাড়ির ইউটিলিটি বিল(গ্যাস অথবা ইলেক্ট্রিক বিল), যা অবশ্যই বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুকৃত হতে হবে। বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুকৃত হতে হবে।

c. বাসভবনে প্রদত্ত কেইবল টেলিভিশন পরিষেবার বিল; অবশ্যই পিতামাতার নাম ও বাসস্থানের ঠিকানা অন্তর্ভুক্ত করতে হবে এবং বিগত ৬০ দিনের মধ্যে তারিখযুক্ত হতে হবে।

d. আইআরএস, সিটি হাউজিং অথরিটি, ফেডারেল অফিস অভ রিফ্যুজি রিসেটেলমেন্ট, হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশন, অ্যাডমিনিস্ট্রেশন অথবা অ্যাডমিনিস্ট্রেশন চিলড্রেন্স সার্ভিসেস (ACS), অথবা এসিএস সাবকন্ট্রাক্টরসহ ফেডারেল, স্টেট অথবা লোকাল গভর্নমেন্ট এজেন্সির লেটারহেডে চিঠি যেখানে বসবাসকারীর নাম এবং ঠিকানা উল্লেখ থাকবে; বিগত ৬০ দিনের মধ্যে তারিখযুক্ত হতে হবে

e. বাসিন্দার প্রতি বাড়ির বর্তমান প্রপার্টি ট্যাক্স বিল।

f. ঘরের পানির বিল; অবশ্যই বিগত ৯০ দিনের মধ্যে ইস্যুর তারিখযুক্ত।

g. বাড়িভাড়ার রসিদ; অবশ্যই বিগত 60 দিনের মধ্যে ইস্যুর তারিখযুক্ত।

h. স্টেট, সিটি, অথবা অন্য গভর্নমেন্ট ইস্যুকৃত আইডিএনওয়াইসি কার্ডসহ) যা মেয়াদ উত্তীর্ণ নয় এবং যেখানে বাড়ির ঠিকানার উল্লেখ রয়েছে।

i. গত ক্যালেন্ডার বছরের ইনকাম ট্যাক্স ফরম।

j. মেয়াদ উত্তীর্ণ নয় এমন অফিসিয়াল এনওয়াইসি ড্রাইভার লাইসেন্স অথবা লার্নার পারমিট।

k. নিয়োগদাতার কাছ থেকে বেতনের সরকারি কাগজপত্র যেমন বাড়ির ঠিকানাযুক্ত পে স্টাব, ট্যাক্স কাটার উদ্দেশ্যে জমা দেয়া ফরম বা বেতনের রিসিট (নিয়োগদাতার লেটারহেডে চিঠি গ্রহণযোগ্য হবে না); অবশ্যই বিগত ৬০ দিনের মধ্যে তারিখযুক্ত হতে হবে।

l. ভোটার রেজিস্ট্রেশন ডকুমেন্ট, যাতে পিতামাতার নাম ও বাড়ির ঠিকানা অন্তর্ভুক্ত রয়েছে।

m. বসবাসের ভিত্তিতে মেয়াদ অনুত্তীর্ণ সদস্যপত্র (যেমন মহল্লার বাসিন্দাদের অ্যাসোসিয়েশন), যাতে পিতামাতার নাম ও বাড়ির ঠিকানা থাকবে;

n. ছেলেমেয়েটির কাস্টোডির প্রমাণ, যাতে অন্তর্ভুক্ত আছে, তবে বিচার বিভাগীয় আদেশ অথবা অভিভাবকত্বের কাগজপত্রের মধ্যে সীমাবদ্ধ নয়: কাগজপত্র অবশ্যই বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুকৃত হতে এবং শিক্ষার্থীর নাম ও বাসস্থানের ঠিকানা থাকতে হবে।

এককভাবে উপরের তালিকার কোনটিই যথেষ্ট নয়। বসবাসের দুইটি প্রমাণ আবশ্যক হয়, ব্যতিক্রম শুধু যেখানে তৃতীয় ব্যক্তির এফিডেভিট (দেখুন সংযুক্তি ৪) একটি ডকুমেন্ট, সেখানে বসবাসের তিনটি প্রমাণ আবশ্যক হয় (যা নিচের দ্বিতীয় অনুচ্ছেদে ব্যাখ্যাত হয়েছে)। টেলিফোন বিল, ক্যাবল বিল, ক্রেডিট কার্ড বিল, বা মেডিকেল ইন্সুরেন্স কার্ড ঠিকানার গ্রহণযোগ্য প্রমাণ নয়।

2. কোন পিতামাতা যদি অ্যাপার্টমেন্ট বা বাড়ি সাবলেট নেন, বা একটির বেশি পরিবার থাকার জায়গা ভাগাভাগি করে ব্যবহার করেন এবং শুধু একজন লিজগ্রহীতা অথবা বাড়ির মালিক থাকেন, পিতামাতাকে অবশ্যই মূল লিজগ্রহীতা এবং পিতামাতা উভয়ের যৌথ স্বাক্ষরিত "অ্যাড্রেস এফিডেভিট" এ পিতামাতাকে হলফ করে বলতে হবে পরিবারটি উক্ত বাড়িতে বসবাস করছে এবং পরিবারটির বাড়ির ঠিকানাযুক্ত আরো দুইটি নথির মাধ্যমে বাসস্থানের প্রমাণ দেওয়া যাবে। ঠিকানার এফিডেভিটের স্বাক্ষরগুলি নোটারিকৃত হওয়া বাঞ্ছনীয়, তবে নোটারিকৃত স্বাক্ষরের অভাবে প্রাথমিক লিজগ্রহীতা ও উক্ত অ্যাপার্টমেন্ট বা বাড়িতে পিতামাতাটির বসবাসের প্রমাণ দেয় এরকম আরো দুইটি নথির মাধ্যমে এফিডেভিট গ্রহণ করা যাবে। পিতামাতা যদি এধরনের ঠিকানার এফিডেভিট সংগ্রহে অপারগ হন তাহলে পিতামাতা একজন তৃতীয় ব্যক্তির এইমর্মে প্রত্যায়িত বিবৃতি জমা দিতে পারেন যে পিতামাতা একটি নির্দিষ্ট ঠিকানায় বসবাস করেন ("তৃতীয় বক্তির এফিডেভিট, দেখুন সংযুক্তি ৮), সঙ্গে পরিবারটি উপর্যুক্ত ঠিকানায় বসবাস করে প্রতিপাদনকারী উপর্যুক্ত VII.A.1 সেকশনে উল্লিখিত তালিকার পরিবারটি উপর্যুক্ত ঠিকানায় বসবাস করে প্রতিপাদনকারী অন্যান্য ডকুমেন্ট।

3. যদি পিতামাতার নিউ ইয়র্ক সিটিতে একটির বেশি বাসস্থান থাকে তাহলে শিক্ষার্থী যে বাড়িতে বসবাস করে, সেটিকেই স্কুলে রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করতে হবে।

4. বাড়ির ঠিকানার প্রমাণের যথেষ্টতা নিয়ে যদি কোন প্রশ্ন থাকে, অথবা পিতামাতা যথাযথ কাগজপত্র পেশে অসমর্থ হন, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট অথবা স্কুল, যেখানে প্রযোজ্য, সাময়িক ভিত্তিতে শিক্ষার্থীকে ভর্তি করবে। ঠিকানার তদন্তর (সংযুক্তি ৪ দ্রষ্টব্য) ফল মুলতবি সাপেক্ষে শিক্ষার্থীকে স্কুলে সাময়িকভাবে ভর্তি করা হচ্ছে একথা উল্লেখ করে পিতামাতাকে একটি প্রভিশনাল অ্যাডমিশন নোটিস দেয়া হবে। নিচের "ফলসিফিকেশন অ্যান্ড ইনভেস্টিগেশন অভ রেসিডেন্সি" (ঠিকানা জালিয়াতি এবং তদন্ত) সম্পর্কিত প্রক্রিয়া অনুসারে ঠিকানা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করার দায়িত্ব শিক্ষার্থীকে ভর্তি করা স্কুলের। শিক্ষার্থীকে ফিরিয়ে দেয়া চলবে না এবং তার তদন্ত মুলতবিকালে ক্লাস করার অধিকার আছে।
5. প্রাথমিক লিজগ্রহীতা/ভাড়াটিয়াকে গৃহহীন শিক্ষার্থীদের জন্য বসবাসের এফিডেভিট জমা দিতে হবে না।

B. ঠিকানা জালিয়াতি এবং তদন্ত

যদি শিক্ষার্থীর ঠিকানা বিষয়ে প্রশ্ন থাকে অথবা সন্দেহ থাকে যে রেজিস্টার করার জন্য ভুয়া ঠিকানা দেয়া হয়েছে, তাহলে সমস্যাটি জানার ৩০ দিনের মধ্যে স্কুলকে অবশ্যই ঠিকানা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। যদি এটি প্রমাণিত হয় যে শিক্ষার্থী এমন ঠিকানায় বাস করে যেটি তাকে তার বর্তমান স্কুলে ভর্তির ক্ষেত্রে অযোগ্য করে তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই তদন্তের ফল বরো ফিল্ড সাপোর্ট সেন্টারের পয়েন্ট পারসনের গোচরে আনতে হবে। বরো ফিল্ড সাপোর্ট সেন্টারের পয়েন্ট পারসন ফল পর্যালোচনা করবেন এবং তিনি যদি যথাযথ মনে করেন তাহলে বরো এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর বা তার মনোনীত ব্যক্তির কাছে বদলি অনুরোধের সুপারিশ করবেন। বরো ফিল্ড সাপোর্ট ডিরেক্টর, অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি অবশ্যই তদন্তের কাগজপত্র পর্যালোচনা করে নির্ধারণ করবেন বদলি করার পক্ষে যথেষ্ট প্রমাণ আছে কিনা। বরো ফিল্ড সাপোর্ট ডিরেক্টর, অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি এরপর শিক্ষার্থীর বদলি অনুমোদনের খবর বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টরকে অবহিত করবেন। বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টর এরপর বদলি স্কুল এবং বদলি কার্যকরী করার তারিখ নির্ধারণ করবেন, এবং শিক্ষার্থীকে বদলি স্কুলের রেজিস্টারে স্থান দেবেন।

1. যদি শিক্ষার্থীকে বদলি করতে হয়, প্রিন্সিপ্যালের অবশ্যই তা নিচের বিষয়গুলো উল্লেখ করে লিখিতভাবে পিতামাতাকে অবহিত করতে হবে:

   a. তদন্তের ফল; এবং

   b. শিক্ষার্থী বর্তমান স্কুলে যাওয়ার যোগ্য নয় এবং তাকে যথাযথ স্কুলে বদলি করা হবে; এবং

   c. বদলি স্কুলের নাম, নম্বর এবং ঠিকানা, এবং বদলি কার্যকরী হওয়ার তারিখ যা বরো এনরোলমেন্ট এগজিকিউটিভ ডিরেক্টর নির্ধারণ করবেন; এবং

   d. অবহিতকরণ চিঠি পাওয়ার পাঁচ দিনের মধ্যে স্কুলের সহায়তাকারী বরো ফিল্ড সাপোর্ট ডিরেক্টর অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তির কাছে তদন্তের ফলের বিরুদ্ধে আপিল করার অধিকার।

2. আপিল নিষ্পত্তির আগেই শিক্ষার্থীকে বদলি করা হবে যদি না বরো ফিল্ড সাপোর্ট ডিরেক্টর বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি, প্রিন্সিপ্যাল এবং বরো এনরোলমেন্ট এগজিকিউটিভ ডিরেক্টরের সঙ্গে আলোচনাক্রমে, নিশ্চিত করেন যে এটি যথাযথ নয়। আপিল আদেশ দশ স্কুলদিবসের মধ্যে জারি করতে হবে।

3. একটি যথাযথ বদলি স্কুল নির্ধারণের জন্য, পিতামাতাকে ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ দাখিল করতে হবে। যদি পিতামাতা নিউ ইয়র্ক সিটিতে শিক্ষার্থীর বসবাসের ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ দাখিল করতে ব্যর্থ হন, তাহলে বরো এনরোলমেন্ট এগজিকিউটিভ ডিরেক্টরের বিবেচনাসাপেক্ষে, শিক্ষার্থীকে হয় তদন্তের ফলাফলের প্রেক্ষাপটে প্রতীয়মাণ একটি যথোপযুক্ত স্কুলে বদলি করা হবে, অথবা একজন অনাবাসী বিবেচনা করা হবে, যেক্ষেত্রে পিতামাতাকে চ্যান্সেলরের প্রবিধান A-125 মোতাবেক পড়ার খরচ বহন করতে হবে।

VIII. <u>বিশেষ পরিস্থিতি</u>

A. নিখোঁজ সন্তান

যদি এমন সন্দেহ থাকে যে একজন শিক্ষার্থী যাকে স্কুলে ভর্তি করা হয়েছে সে একজন "হারান সন্তান" হয়ে থাকতে পারে, যাকে তার বৈধ হেফাজতকারী পিতামাতার কাছ থেকে কেড়ে নেয়া হয়েছে, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই শিশুটিকে ভর্তি করে নিয়ে অবিলম্বে স্থানীয় পুলিশ প্রিসিংক্টে যোগাযোগ করতে হবে।

B. স্বাবলম্বী নাবালক (১৬-১৭ বছর বয়সী)

1. শুধু সেসব শিক্ষার্থী যারা স্বাধীন ও তাদের পিতামাতা থেকে দূরে থাকে এবং যাদের পালক পরিচর্যার প্রয়োজন নেই বা গ্রহণ করে না, তাদেরকে স্বাবলম্বী বিবেচনা করা যেতে পারে। যদি এমত নিরূপিত হয় যে শিক্ষার্থী একজন স্বাবলম্বী, তাহলে শিক্ষার্থীকে রেজিস্টার করার সময়ে পিতামাতার সঙ্গে আসতে হবে না। শিক্ষার্থী একজন স্বাবলম্বী কিনা নিরূপণে নিচের বিষয়গুলো সাহায্য করতে পারে:

   - পিতামাতা হেফজতের দায়িত্ব পরিত্যাগ করেছেন কি?
   - শিক্ষার্থী পিতামাতাদের থেকে আলাদা থাকছে অথবা বাড়িতে ভাড়া দিচ্ছে?
   - শিক্ষার্থী নিজের জীবনে বিষয়গুলো সামলাচ্ছে কি?
   - শিক্ষার্থী শেষ কবে তার পিতামাতার সাথে যোগাযোগ করেছিল?

   শিক্ষার্থীকে একটি এফিডেভিট অব ইমানসিপেশন (স্বাবলম্বী হওয়ার হলফনামা) স্বাক্ষর করতে বলা হতে পারে (সংযুক্তি ৫ দ্রষ্টব্য)।

2. বাসস্থানের প্রমাণ হিসাবে নাবালকের নামে ভাড়ার রিসিট, যে ব্যক্তি থাকার জায়গা দিয়েছেন তার বিবৃতি অথবা নাবালকের এফিডেভিট দেখান যেতে পারে।

3. যেসব ক্ষেত্রে শিক্ষার বয়স ১৮ বছরের নিচে এবং বিবাহিত, সেসব ক্ষেত্রে শিক্ষার্থী স্বাবলম্বী বিবেচিত হবে।

C. যেসব ছেলেমেয়ের পিতামাতারা একত্রে থাকেন না

1. একজন শিশুর মাত্র একটি বৈধ বাসস্থান থাকে। যে শিশুর পিতামাতারা আলাদা থাকেন, তাদের ক্ষেত্রে হেফাজতকারী পিতামাতার ঠিকানাই শিশুর বাসস্থান হিসাবে গণ্য করা হয়।
2. যদি পিতামাতা উভয়কেই যৌথ হেফাজতের অধিকার দেয়া হয়ে থাকে, তাহলে শিশুর বাসস্থান হচ্ছে সেই পিতামাতার ঠিকানা যার প্রাথমিক শারীরিক হেফাজতি আছে।

D. গৃহহীন, অভিভাবকহীন [11]এবং গৃহগৃহত্যাগী যুবা

1. সংজ্ঞা:

a. একজন হোমলেস শিশু হচ্ছে সে যার একটি স্থায়ী, নিয়মিত এবং পর্যাপ্ত রাত্রিকালীন বাসস্থান নেই। এর অন্তর্ভুক্ত আছে সেই শিশু, যে:

- কোন বন্ধু, আত্মীয় বা অপর কারও সঙ্গে বাস করছে কেননা তার পরিবার আর্থিক দুর্দশার কারণে বাড়ি হারিয়েছে, অথবা এধরনের কারণে ("ডাবলড আপ" নামে অভিহিত), অথবা বসবাসের পর্যাপ্ত বিকল্প বন্দোবস্ত না থাকায় কোন মোটেল, হোটেল, ট্রেইলার পার্ক অথবা ক্যাম্প-গ্রাউন্ডে বাস করছে; অথবা
- অস্থায়ী থাকার জায়গা হিসোবে পরিকল্পিত সরকারি বা বেসরকারি পরিচালনাধীন ভর্তুকিপ্রাপ্ত আশ্রয়ে (কমার্শিয়াল হোটেল, গণ-আশ্রয়কেন্দ্র, এবং মানসিক অসুস্থদের জন্য সাময়িক ব্যবস্থাসহ) থাকছে, অথবা
- ফস্টার কেয়ার প্লেসমেন্টের জন্য অপেক্ষা করছে; অথবা
- কোন সরকারি বা বেসরকারি স্থানে থাকছে যেটি একটি নিয়মিত নিদ্রাস্থল হিসাবে পরিকল্পিত হয়নি বা সাধারণত ব্যবহার হয় না; অথবা
- গাড়ি, পার্ক, বারোয়ারি স্থান, পরিত্যক্ত বাড়ি, অনুপযোগী বাড়ি, বাস অথবা ট্রেন স্টেশন কিংবা এধরনের পরিবেশে বসবাস করছে।

b. অভিভাবকহীন যুবা বলতে সেই যুবা বোঝায় যে কোন পিতামাতা অথবা অভিভাবকের বাস্তব হেফাজতে নেই এবং যে উপরে বর্ণিত হোমলেসের সংজ্ঞা পূরণ করে।

2. একজন হোমলেস, আনঅ্যাকমপ্যানিড অথবা গৃহপালান শিশু হয় তার বর্তমান স্কুলে থাকতে পারে অথবা নতুন স্কুলে বদলি নিতে পারে, যথাপ্রযোজ্য ক্ষেত্রে যেটির জন্য আবাসিক অবস্থানের ভিত্তিতে তার উপযুক্ততা আছে, যেখানে প্রযোজ্য। হোমলেস হাই স্কুল শিক্ষার্থীদের অন্য স্কুলে বদলি হওয়ার জন্য যাতায়াতে সমস্যার প্রমাণ দিতে হয় না।[12] নির্বাচিত স্কুল হোমলেস শিশু বা আনঅ্যাকমপ্যানিড শিক্ষার্থীকে সঙ্গে সঙ্গে ভর্তি করে নেবে, এমনকি শিশুটি বা আনঅ্যাকমপ্যানিড শিক্ষার্থী ভর্তি জন্য সাধারণভাবে আবশ্যক রেকর্ড দেখাতে না পারলেও। হোমলসে শিক্ষার্থীদের অধিকার সম্পর্কে আরও জানতে চ্যান্সেলরের প্রবিধান A-780 দেখুন।
3. গার্হস্থ্য নিগ্রহের শিকারদের থাকার জন্য আবাসিক কর্মসূচিতে বসবাসকারী ছেলেমেয়েরা হোমলেস শিশুর সংজ্ঞার অন্তর্ভুক্ত। গার্হস্থ্য নিগ্রহ আবাসে বসবাসকারী শিক্ষার্থীর ঠিকানা গোপন রাখতে হবে পিতামাতার দেয়া পোস্ট অফিস ঠিকানা লেখার মাধ্যমে অথবা দুই রাশির ডিস্ট্রিক্ট নম্বরের পর "DV" অক্ষর দুটি এবং কাউন্টি, বরো, স্টেট ও জিপ কোড ব্যবহার করে ঠিকানা তৈরি করতে হবে। যেমন, ডিস্ট্রিক্ট ১ = Box 01DV, New York, New York 10002।
4. স্থায়ী ঠিকানার অভাব শিক্ষার্থীকে স্কুলে ভর্তি না করার আইনসঙ্গত ভিত্তি তৈরি করে না। ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্টের (42 USC 11431) টাইটেল VII এবং

[11] একজন আনঅ্যাকমপ্যানিড/রানঅ্যাওয়ে যুবক-যুবতীর অন্তর্ভুক্ত সে শিক্ষার্থী, যে রানঅ্যাওয়ে যুবক-যুবতীদের আবাসিক ব্যবস্থার অধীনে আছে।

[12] যাতায়াতের সমস্যাজনিত বদলি কেবলমাত্র হাই স্কুলের বেলায় প্রযোজ্য।

চ্যান্সেলরের প্রবিধান A-780 মোতাবেক এসব শিক্ষার্থীর নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহে অবিলম্বে ভর্তি হওয়ার এবং ক্লাস করার অধিকার রয়েছে।

5. একজন আনঅ্যাকমপ্যানিড (সঙ্গীহীন) শিশু হচ্ছে একজন হোমলেস শিশু যে একজন পিতামাতা অথবা অভিভাবকের হেফাজতে নেই। একজন আনঅ্যাকমপ্যানিড শিক্ষার্থীকে স্কুলে ভর্তি কিংবা বদলি হওয়ার জন্য একজন প্রাপ্তবয়স্কের সঙ্গে আসার আবশ্যক হয় না। এনরোলমেন্ট কর্মী অথবা স্কুল কর্মকর্তাগণ, যেখানে প্রযোজ্য, অবশ্যই অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস-কে অবহিত করতে হবে কিনা নিরূপণে শিক্ষার্থীর বয়স ও পরিস্থিতি আমলে নেবেন।

6. একজন হোমলেস শিক্ষার্থীকে, বাসস্থানের প্রমাণসহ, কাগজপত্রের অভাবে তাত্ক্ষণিক ভর্তি থেকে বিরত রাখা যাবে না।

7. আর্টিকুলেটিং গ্রেডের জন্য আবেদনকারী গৃহহীন শিক্ষার্থীদের (প্রি-কে, কিন্ডারগার্টেন, ৬ষ্ঠ গ্রেড ও ৯ম গ্রেড) একই এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী শিক্ষার্থীদের অনুরূপ অগ্রাধিকার দিতে হবে।

E. ফস্টার কেয়ার শিক্ষার্থী

ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের পালক পিতামাতা পরিবর্তিত হলে তাদের মূল স্কুলে থেকে যাওয়ার অথবা তাদের নতুন ঠিকানার ভিত্তিতে ভৌগলিকভাবে উপযুক্ত স্কুলে যাওয়ার অধিকার রয়েছে। হাই স্কুলের ফস্টার কেয়ার শিক্ষার্থীদের বাস্থান পরিবর্তনের জন্য, যদি নতুন পালক পিতামাতার বাড়ি থেকে বর্তমান স্কুলে যাতায়াতে সমস্যা হয় তাহলে শিক্ষার্থী যাতায়াতের সমস্যার জন্য বদলির শর্ত পূরণ না করেই শিক্ষার্থী তার নতুন পালক পিতামাতার বাড়ির নিকটবর্তী স্কুলে বদলি হতে পারে।

F. বাড়ি এবং হাসপাতালে নির্দেশনা থেকে প্রত্যাগত শিক্ষার্থী

বাড়ি কিংবা হাসপাতালে নির্দেশনা থেকে প্রত্যাগত শিক্ষার্থীর অধিকার আছে তার পূর্বতন স্কুলে ফিরে যাওয়ার যদি না স্টুডেন্টেএনরোলমেন্ট, পরিবারের সঙ্গে পরামর্শক্রমে, নিরূপণ করে যে ভিন্ন একটি স্কুলে স্থান দেয়া যথাযথ হবে।

G. হেফাজত থেকে প্রত্যাগত শিক্ষার্থী

যেসব শিক্ষার্থী স্টেট, সিটি অথবা বেসরকারি সংস্থার পরিচর্যা থেকে সরকারি স্কুলে প্রত্যাবর্তন করে তাদের দ্রুত এবং উপযুক্ত শিক্ষায়তনিক স্থানলাভের অধিকার রয়েছে। এসব ফ্যাসিলিটির মধ্যে আছে গ্রুপ হোমস, সাইকয়াট্রিক সেন্টার, ডেভেলপমেন্টাল সেন্টার, কাসআডিয়াল ফ্যাসিলিটি, এবং রেসিডেনশিয়াল ট্রিটমেন্ট সেন্টার, যেমন নিউ ইয়র্ক স্টেট অফিস অভ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস(OCFS) এবং অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেসের (ACS) আওতাধীন কেন্দ্রসমূহ। শিক্ষার্থীদের স্কুলে ভর্তি হওয়ার আগে হেফাজত কেন্দ্র থেকে অব্যাহতিগ্রহণের চিঠি নেয়ার প্রয়োজন নেই ।

1. স্কুলে প্রত্যাবর্তনের সুপারিশ করা হবে এটি বোঝার পরপরই এজেন্সির উচিত হবে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টের যথেপযুক্ত বরো এনরোলমেন্ট অফিসে আইইপিসহ শিক্ষার্থীর প্রাসঙ্গিক স্কুল রেকর্ড উল্লেখ করে চিঠি দিয়ে শিক্ষার্থীর অবস্থা পরিবর্তনের কথা জানান।

2. এনওয়াইসি পাবলিক স্কুলসমূহে অন্যান্য শিক্ষার্থীকে যেভাবে পুনঃভর্তি করা হয়ে থাকে, এই নথির তালিকাভুক্তির নীতিমালা মোতাবেক এনওয়াইসির ভেতরে বা বাইরের কাস্টোডিয়াল ফ্যাসিলিটি ফেরত শিক্ষার্থীরা ওই ক্যালেনডারবছরের মধ্যে তাদের পূর্বতন স্কুলে প্রত্যাবর্তনের অধিকার পেতে পারে। অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট শিক্ষার্থী ও পিতামাতার সাথে আলাপক্রমে, সিদ্ধান্ত নিতে পারে যে, পূর্ববর্তী স্কুলটি যথোপযুক্ত নয় এবং সে কারণে ভিন্ন একটি স্কুলে ভর্তি যথাযথ হতে পারে।

3. শিক্ষার্থীদের স্কুলে ভর্তি হওয়ার আগে হেফাজত কেন্দ্র থেকে অব্যাহতিগ্রহণের চিঠি নেয়া <u>আবশ্যক হয় না</u> ।

H. সাসপেনশন থেকে ফেরত আসা শিক্ষার্থী

1. সাসপেন্ড হওয়া শিক্ষার্থীদের অধিকার আছে তারা যে স্কুল থেকে সাসপেন্ড হয়েছিল সেখানে ফিরে যাওয়ার যদি না শিক্ষার্থী স্বেচ্ছায় অন্য স্কুলে বদলি নিয়ে থাকে অথবা চ্যান্সেলরের প্রবিধান A-450 মোতবেক অনিচ্ছায় বদলি হয়ে তাকে।
   ৮ম গ্রেডের শিক্ষার্থী যারা সাসপেন্ড হয়েছে এবং আগামী হেমন্তের জন্য ৯ম গ্রেডের আসন বরাদ্দ পেয়েছিল তাদের ৮ম গ্রেডের প্রোমোশনের শর্তাবলি পূরণ করে ওইসব আসন লাভ করার অধিকার রয়েছে।
2. স্কুলগুলো একজন বদলি হওয়া বা সন্ধিযুক্ত শিক্ষার্থীকে তার অতীত "সাসপেন্ড" অবস্থার কারণে ভর্তিগ্রহণে অস্বীকার করতে পারবে না।

IX. <u>তালিকা নোটিস/বদলি প্রক্রিয়া</u>

A. স্কুলবছরের শেষে বদলিগ্রহণকারী শিক্ষার্থী

1. জুনে "প্রেরণকারী" স্কুল "গ্রহণকারী" স্কুলকে তালিকা নোটিস দ্বারা প্রোমোশনের ফলে সেপ্টেম্বরে আগত সাধারণ শিক্ষা ও বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের নাম অবহিত করে।
2. "প্রেরণকারী" স্কুলের প্রিন্সিপ্যালকে অবশ্যই তালিকা নোটিস স্বাক্ষর করতে এবং সন্ধিযুক্ত ও টিকাগ্রহণের তথ্য পূর্ণাঙ্গ এবং সঠিক এটি নিশ্চিত করতে হবে। বিশেষ শিক্ষার সাইট সুপাভাইজর অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই বিশেষ শিক্ষার চেকলিস্টে স্বাক্ষর করতে হবে।
3. সকল "গ্রহণকারী" স্কুলের উচিত আগত শিক্ষার্থীদের রেকর্ড পর্যালোচনের জন্য একজন কির্মচারীকে দায়িত্ব দেয়া। যদি কোন কাগজপত্র কম থাকে, "গ্রহণকারী" স্কুল যত তাড়াতাড়ি সম্ভব "প্রেরণকারী" স্কুলকে অবহিত করবে।
4. ক্রমপুঞ্জিত রেকর্ড, বিশেষ ক্লিনিক্যাল প্যাকেট এবং অন্যান্য গোপনীয় রেকর্ড প্রিন্সিপ্যাল কর্তৃক দায়িত্বপ্রাপ্ত আর্টিকুলেশন কর্মকর্তা পর্যালোচন এবং একত্র করে ট্রান্সফার অভ রেকর্ড ডে-তে, যা সচরাচর জুনের প্রথম দুই সপ্তাহে পড়ে, "প্রেরণকারী" স্কুলে হস্তান্তর করবেন। সকল স্কুলকে স্কুলবছর শেষ হয়ার মধ্যে অবশ্যই বদলি সম্পন্ন করতে হবে।

B. তালিকা নোটিস প্রক্রিয়া ব্যবহারের কারণষমূহ

শিক্ষার্থীদের শুধু নিম্নবর্ণিত কারণসমূহের জন্য তালিকা নোটিস ব্যবহার করে এক স্কুল থেকে অন্য স্কুলে স্থানান্তর করা হয়:

1. উচ্চতর স্কুলে প্রোমোশন (হয় পাবলিক অথবা নন-পাবলিক) যেমন এলিমেন্টারি থেকে জুনিয়র হাই/ইন্টারমিডিয়েট স্কুল অথবা ইন্টারমিডিয়েট স্কুল থেকে হাই স্কুল;
2. স্কুল বন্ধ, খোলা অথবা পুনর্গঠন;
3. স্কুলগুলো বছরের অন্য কোন সময়ে অন্য কোন কারণে শিক্ষার্থীদের তালিকা নোটিস করতে পারবে না।

C. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট স্কুলগুলো শিক্ষার্থীদের ডিস্ট্রিক্ট ৭৫ – সিটিব্যাপী কর্মসূচি স্কুলগুলোয় তালিকা নোটিস করতে পারবে না।

D. ডিস্ট্রিক্ট ৭৫ শুধু একজন হাই স্কুল শিক্ষার্থীকে নন-ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে তালিকা নোটিস করতে পারবে কেবল শিক্ষার্থী যদি হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে এবং কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) পুনর্মূল্যায়ণ সম্পন্ন হয়ে থাকে এবং আইইপি-তে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট কাঠামো প্রতিফলিত হয়।

E. তালিকা নোটিস প্রণয়ন করার সময়ে ডিপার্টমেন্ট অভ এডুকেশন হোম ইন্স্ট্রাকশন লাভকারী অথবা ইন-হসপিটাল স্কুলে ভর্তি সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের মুদ্রিত তালিকা নোটিসের অন্তর্ভুক্ত করা যাবে না, যেহেতু তারা একটি নিয়মিক স্কুলের রেজিস্টারে নেই।

F. কোন শিক্ষার্থীকে পাঁচ বরোর বাইরে তালিকা নোটিস করা যাবে না।

X. অব্যাহতি

এই প্রবিধান বা এর কোন অংশ চ্যান্সেলর বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি মওকুফ করতে পারেন যদি তা স্কুল ব্যবস্থার জন্য অনুকূল নিরূপিত হয়।

XI. অনুসন্ধান

ফোন: 718-935-2009	তালিকাভুক্তি, ভর্তি এবং বদলির শর্ত সম্পর্কে সকল অনুসন্ধান নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হবে: The Office of Student Enrollment	ফ্যাক্স: 212-374-5568
ফোন: 212-374-6095	উপস্থিতির গাইডলাইন ও এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে: Office of School and Youth Development – Mandated Responsibilities	ফ্যাক্স: 212-374-5751
ফোন: 212-802-1500 ফোন: 917-521-3639	ডিস্ট্রিক্ট ৭৫ ভর্তি ও বদলি সম্পর্কিত সকল অনুসন্ধান ডিস্ট্রিক্ট ৭৫-এ পাঠাতে হবে। ডিস্ট্রিক্ট *79* ভর্তি ও বদলি সম্পর্কিত সকল অনুসন্ধান ডিস্ট্রিক্ট *79*-এ পাঠাতে হবে।	ফ্যাক্স: 212-802-1678 ফ্যাক্স: 917-521-3649